



‘বেআইনি’ কয়লাখনিগুলিকে ‘বৈধ’ করে দিলে বহু চাকরি পাকা হতে পারে বলে প্রত্যাশা দিলেন মুখ্যমন্ত্রী। আজ, নবাবের বৈঠকে এ কথা বলে তিনি। মমতা বলেন, কোল ইন্ডিয়াস সঙ্গে মুখ্যসচিব এই নিয়ে কথা বলতে পারেন। ...বিস্তারিত পাতা ৩



বৃহস্পতিবার সকালেই অতি গভীর নিয়চাপ শক্তি বাড়িয়ে ঘূর্ণিঝড়ে পরিণত হয়েছে মোকা। ঘূর্ণিঝড়ের হাত থেকে বাঁচতে ইতিমধ্যেই বাংলার উপকূলবর্তী এলাকাগুলিতে শুরু হয়ে গিয়েছে প্রচারাভিযান। দিঘায় নামানো হয় এনডিআরএফের টিম। ...বিস্তারিত পাতা ৫



বহুচর্চিত ছবি দ্য কেরালা স্টোরিকে করমুক্ত করল হরিয়ানা সরকার। এর আগে এই ছবিটিকে উত্তরপ্রদেশ ও মধ্যপ্রদেশ সরকার করমুক্ত করেছে। দ্য কেরালা স্টোরি ছবিটি হরিয়ানায় করমুক্ত করার আগে মুখ্যমন্ত্রী একটি কমিটি গঠন করেছিলেন। ...বিস্তারিত পাতা ৬



ক্রিকেট বিশ্বকাপ শুরু হতে এখনও পাঁচ মাস বাকি। তার আগেই সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে গিয়েছে বিশ্বকাপের দিনস্ফ এবং ডেনুও। আইসিসি কিংবা ভারতীয় ক্রিকেট বোর্ডের তরফ থেকে এখনও বিশ্বকাপের সূচি প্রকাশ হয়নি। ...বিস্তারিত পাতা ৮

‘বহিরাগত’ রাহুল গান্ধিকে নোটিস দিল্লি বিশ্ববিদ্যালয়ের

নয়াদিল্লি, ১১ মেঃ দিল্লি বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ছাত্রদের হস্টেলে গত সপ্তাহে গিয়েছিলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধি। সেখানে গিয়ে হস্টেলে থাকা ছাত্রদের সঙ্গে সময় কাটানোর পাশাপাশি মধ্যাহ্নভোজনও সেরেছিলেন। এই ঘটনা নিয়ে রাহুল গান্ধিকে নোটিস পাঠানো হল দিল্লি বিশ্ববিদ্যালয়ের তরফে। সেখানে রাহুলকে বহিরাগত তকমা দেওয়া হয়েছে। পাশাপাশি হঠাৎ করে আসার জন্য এই আচরণকে অনুপযুক্ত বলা হয়েছে। এ ভাবে হস্টেলে ঢুকে হস্টেলের নিয়মভঙ্গের অভিযোগ তোলা হয়েছে রাহুলের বিরুদ্ধে। ভবিষ্যতে এ ধরনের কর্মকাণ্ড থেকে বিরত থাকার জন্য বলা হয়েছে রাহুলকে। গত সপ্তাহে দিল্লি বিশ্ববিদ্যালয়ে গিয়ে বেশ কিছুক্ষণ সময় কাটিয়েছিলেন রাহুল। আবাসিক ছাত্রদের সঙ্গে আলোচনার পাশাপাশি তাদের সমস্যার কথাও শুনেছিলেন। এক সঙ্গে খাবারও খেয়েছিলেন। রাহুল গান্ধিকে পাঠানো দিল্লি বিশ্ববিদ্যালয়ের নোটিসে হ্যান্ডবুক অব ইনফরমেশন অ্যান্ড রুলসের ১৫.১৬ ধারার কথা উল্লেখ করা হয়েছে। সেই নিয়ে লেখা, “হস্টেলের কোনও আবাসিক হস্টেল চত্বরে পড়াশোনা ও রেসিডেন্ট কাউন্সিল ছাড়া অন্য কর্মকাণ্ডে লিপ্ত হতে পারবেন না।” সেই নোটিসে আরও লেখা হয়েছে, “দিল্লি বিশ্ববিদ্যালয় আইন, ১৯২২ অনুসারে হস্টেল পরিচালিত হয়। এখানকার আবাসিকদের জন্য বেশ কিছু নিয়ম রয়েছে। ‘রুলস অব রেসিডেন্ট’, ‘রুলস অব ডাইনিং হল’ অ্যান্ড ‘গেস্টস’-এর মতো আইন তৈরি হয়েছে হস্টেল ব্যবস্থাকে সঠিক ভাবে পরিচালনা এবং শৃঙ্খলা বজায় রাখার জন্য।” হঠাৎ করে রাহুল গান্ধির আগমনে এই নিয়মই ভঙ্গ হয়েছে বলে দাবি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের। রাহুল গান্ধির দিল্লি বিশ্ববিদ্যালয়ের হস্টেলে সময় কাটানোর ছবি-ভিডিয়ো ছড়িয়ে পড়েছিল সোশ্যাল মিডিয়ায়। তার পরই বিষয়টি নিয়ে বৈঠকে বসেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। তার পর দেওয়া হল এই নোটিস। সেখানে রাহুলের এই সফরকে ‘হঠাৎ’ এবং ‘অনুমোদনহীন’ বলে দাবি করা হয়েছে। রাহুলকে ‘বহিরাগত’ তকমা দিয়ে ভবিষ্যতে এ ধরনের আচরণ থেকেও বিরত থাকার পরামর্শ দেওয়া হয়েছে। রাহুল যদি ভবিষ্যতে এ ধরনের আচরণ করেন, তাহলে বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারিও দিয়েছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

ইমরানের গ্রেফতার বেআইনি, এখনই মুক্তি দিতে বলল পাকিস্তানের সুপ্রিম কোর্ট



ইসলামাবাদ, ১১ মেঃ পাকিস্তান সুপ্রিম কোর্ট প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানকে অবিলম্বে মুক্তি দিতে বলল। বৃহস্পতিবার সন্ধ্যায় এই রায় দিয়েছেন পাকিস্তানের প্রধান বিচারপতি। ইমরানকে বেআইনিভাবে গ্রেফতার করা হয়েছে বলে মনে করে সুপ্রিম কোর্ট। শীর্ষ পাক আদালত হাই কোর্ট চত্বর থেকে ইমরানকে গ্রেফতারেরও নিন্দা করেছে। কীভাবে সেনা ও আধা সেনা আদালত চত্বরে এই মুক্তি সাময়িক। তাকে হাইকোর্টে আপিল করতে বলা হয়েছে। আল কাদার ট্রাস্ট মামলায় মঙ্গলবারই ইসলামাবাদ আদালতের সামনে থেকে ইমরানকে গ্রেফতার করে পাক সেনা। তারপর থেকেই ইমরানের দল পাকিস্তান তেহরিক-ই ইনসাফ বা পিটিআই সমর্থকদের বিক্ষোভে উত্তাল ভারতের পড়শি দেশ। ইমরান খান তার গ্রেফতারি নিয়ে সুপ্রিম কোর্টে যায়। সেখানে দ্রুত শুনানির আর্জি জানানো হয়েছিল। দেশের প্রধান বিচারপতি উমর আটা বান্দিয়াল সেই আর্জি মেনে নেন। অনেকেই মনে করেন সরকারকে পক্ষেও একই আবেদন করা হয়েছিল। এদিন দুপুরে সেই মামলার শুনানি ছিল। সেখানে ইমরানকে সশরীরে হাজির করানোর নির্দেশ দেওয়া হয় আদালতের তরফে। তাকে দেখে প্রধান বিচারপতি বলেন, “আপনাকে দেখে ভাল লাগছে।” তারপরি কি জানেন আপনার গ্রেফতারির পর দেশের কী অবস্থা নিয়েছে।” তারপরই ওইভাবে আদালত চত্বর থেকে ইমরানকে গ্রেফতার করা হয়েছে। তিনি প্রশ্ন তোলেন ওই দেশের শীর্ষ আদালত ইমরানকে কীভাবে সেনা ঢুকে পড়ল, ওইভাবে ইমরানকে কেন গ্রেফতার করা হল, সেই নিয়ে সরকারকে সুপ্রিম কোর্টের ভর্তসনার মুখে পড়তে হয়। প্রধান বিচারপতি বলেন, ইমরানের গ্রেফতারি বেআইনি। অবিলম্বে তাকে মুক্তি দিতে হবে। তবে ইমরানের এই স্বস্তি সাময়িক। আগামীকালই ইমরানকে ইসলামাবাদ আদালতে হাজিরা দিতেও বলা হয়েছে।

নবাবের মিটিংয়ে মুখ্যমন্ত্রীর পরামর্শ মেডিক্যালের ডিপ্লোমা কোর্স করা যায় কি না দেখো

অরিজিনাল ডাক্তার পাছি, তাদের অনেকটা সময় যাচ্ছে পড়াশোনা করতে হচ্ছে, পরীক্ষা দিতে হচ্ছে। বন্ধন, যেহেতু হাসপাতাল বাড়ছে, লোকসংখ্যা বাড়ছে, বেড বাড়ছে যদি সমান্তরালভাবে একটি ডিপ্লোমা কোর্স করে অন্তত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কাজে লাগানো যায়, তাহলে মনে হল ভাল রেজাল্ট দেবে।” যদিও ডাক্তারদের জন্য এই

ডিপ্লোমা কোর্স ঠিক কি রকম হবে, সেই বিষয়টি এখনও স্পষ্ট নয়। বৈঠকে উপস্থিত আমলাদের উদ্দেশ্যে মমতা জানান যে চান, এমন কোনও ডিপ্লোমা কোর্স চালু করা যায় কি না। উল্টোদিক থেকে উত্তর আসে, বিষয়টি খতিয়ে দেখে মুখ্যমন্ত্রীকে জানাটা হবে। মুখ্যমন্ত্রী তাদের বলেন, তিন-চার জনের একটি কমিটি গঠন করে এই বিষয়টি খতিয়ে দেখার জন্য। হাসপাতালগুলির সোনিমার হলে, বা সরকারি কোনও কনভেনশন সেন্টারে এই প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে বলে মনে করছেন মমতা। মুখ্যমন্ত্রী বলেন, “এতে পাঁচ বছর ধরে প্রশিক্ষণে আমরা যে

শুভেন্দু অধিকারীর কনভয় মামলায় নয় মোড়! ‘জেড’ ক্যাটেগরির সুরক্ষা নিয়ে রাজ্যের রিপোর্ট তলব

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ মেঃ শুভেন্দু অধিকারীর কনভয়ে মৃত্যু মামলায় এবার কেস ডায়েরি তলব করল কলকাতা হাইকোর্ট। জেড ক্যাটাগরির সুরক্ষা নিয়েও রাজ্যের কাছে রিপোর্ট তলব হাইকোর্টের। মামলার পরবর্তী শুনানি আগামী বুধবার। জানা গিয়েছে, পরবর্তী শুনানি না হওয়া পর্যন্ত কোনও কনভয় সুরক্ষা কর্মীকে ডাকবে না পুলিশ। এদিন এজলাসে রাজ্যের আইনজীবী অমিশে বন্দ্যোপাধ্যায় আদালতে বলেন, “শুভেন্দু অধিকারীর কনভয়ে দুর্ঘটনায় মৃত্যু অত্যন্ত গুরুতর ঘটনা। সেই কারণেই এই ঘটনার

ব্যাপারে এরা সাহায্য করতে পারো।” পাশাপাশি নতুন যারা নার্স হচ্ছেন, তাঁদেরও যাতে দ্রুত প্রশিক্ষণ দিয়ে কাজে লাগানো যায়, সেই বিষয়টিও নিশ্চিত করতে চান মমতা। মুখ্যমন্ত্রী বলেন, “স্যালাইন দেওয়া, ইঞ্জেকশন দেওয়া, অক্সিজেন দেওয়া বা ওষুধটা দেখে চিকমতো দেওয়া, তারজন্য প্রশিক্ষণ নিতে ১৫ দিন যথেষ্ট। নার্সরা তো আর অপারেশন করবে না। যারা সিনিয়র নার্স, তারা তো সেখানে আছেন। যাদের নতুন প্রশিক্ষণ দেওয়া হবে, তাঁদের জুনিয়র নার্স হিসেবে বিবেচনা করা হোক, ট্রেনিং দেওয়া হোক।” একইসঙ্গে এদিন রাজ্যের বিভিন্ন থানাগুলিতে যাতে পুলিশের লোকবল আরও বাড়ানো যায়, তার জন্যও পরামর্শ দিলেন মুখ্যমন্ত্রী। সেক্ষেত্রে পুলিশের নিয়োগের পরে প্রশিক্ষণের যে ব্যবস্থা রয়েছে, তাতেও কিছুটা পরিবর্তন আনার কথা বলেন তিনি। প্রথমে সাতদিনের প্রশিক্ষণ দিয়েই কোনও একটি থানায় সংশ্লিষ্ট পুলিশকর্মীকে পাঠিয়ে দেওয়ার পরামর্শ মমতার। মুখ্যমন্ত্রীর কথায়, এতে ওই থানায় ফোর্স বাড়বে। বলেন, “এতদিন ৫ মাস ধরে, ৩ মাস ধরে প্রশিক্ষণ দেওয়া হত। এখন সাতদিন প্রশিক্ষণ দেওয়ার পর তাঁদের এক-একটি থানায় পাঠান। সেখানে ফোর্স বাতান। এরপর যখন ফিল্ড ট্রেনিং দেওয়া হবে, তখন সাতদিন করে অন্যান্য ট্রেনিং দেওয়া হোক। মাসের মধ্যে ২১ দিন ফিল্ডে কাজ করানো হোক এবং সাতদিন অন্যান্য বাকি ট্রেনিং করান।”

ন্যা দেওয়া পর্যন্ত কাউকে জিজ্ঞাসাবাদ নয়। সম্প্রতি দিঘা নন্দকুমার জাতীয় সড়কের কাছে চণ্ডীপুরে গাড়ির ধাক্কায় মৃত্যু হয় ভৈরবপুরের বাসিন্দা ইসরাফিল খানের। শুভেন্দু অধিকারীর কনভয়ের গাড়ির ধাক্কায় ওই মৃত্যু হয়েছে বলে অভিযোগ। সেই অভিযোগে, নিহতের বাবা সফিরউদ্দিন চণ্ডীপুর থানায় অভিযোগ দায়ের করেন। শুরু রাজনৈতিক চাপানুউতর। মৃত যুবকের মৃতদেহ নিয়ে শুভেন্দু অধিকারীর বাড়ির সামনে প্রতিবাদ মিছিলও করে তৃণমূল। এই ঘটনায় শুভেন্দুর কনভয়ের এক গাড়ির চালককেও গ্রেফতার করে পুলিশ।

প্রধান বিচারপতির শপথগ্রহণ অনুষ্ঠানে পাশাপাশি শুভেন্দু-ফিরহাদ! দেখা মমতার সঙ্গেও



দুরন্ত বার্তা, কলকাতা, ১১ মেঃ ১১ মে, ২০২৩, বৃহস্পতিবার কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির পদে শপথগ্রহণ করলেন বিচারপতি টি এস শিবাজনম। তাকে শপথ বাক্য পাঠ করালেন রাজ্যপালা সি ভি আনন্দ বোস। এদিন কলকাতা হাইকোর্টের ১ নম্বর এজলাসে শপথগ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকাল ১০টা ৫৫ মিনিট নাগাদ শুরু হয় শপথবাক্য পাঠ অনুষ্ঠান। শেষ হয় ১১টা ১ মিনিটে। এদিনের এই শপথগ্রহণ অনুষ্ঠানে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর মুখোমুখি হন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন সকাল পৌনে ১১টা নাগাদই অনুষ্ঠানস্থলে পৌঁছন মুখ্যমন্ত্রী। শুভেন্দু অবশ্য তার আগেই সেখানে পৌঁছে গিয়েছিলেন। সুপ্রের খবর, ১ নম্বর এজলাসে ঢোকান মুখেই প্রায় বসেছিলেন শুভেন্দু। মুখ্যমন্ত্রীকে দেখে তিনি উঠে দাঁড়ান। কিছু দূরজনের মধ্যে কোনও কথা হয়নি। তবে এই ঘটনার কিছু আগেই অনুষ্ঠানে তৈরি হয়েছিল কিছু নাটকীয় মুহূর্ত। এদিন মুখ্যমন্ত্রীর আগেই অনুষ্ঠান স্থলে পৌঁছে গিয়েছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তার আসন নির্ধারিত ছিল বন্দ্যোপাধ্যায়। তবে কিছুক্ষণ পরেই আসন পরিবর্তন করে নেন শুভেন্দু অধিকারী। ফিরহাদ হাকিমের পাশের আসন থেকে উনি চলে যান অন্য একটি আসনে। শুভেন্দু অন্য আসনে চলে যাওয়ার পরে ফিরহাদের পাশে এসে বসেন বিমান।

সুপ্রিম রায়ে স্বস্তি শিঙে শিবিরে! একনাথ-বিজেপিকে কটাক্ষ উদ্ধবের

মুম্বই, ১১ মেঃ সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড় এবং বিচারপতি কৃষ্ণ মুহারি, এমআর শাহ, হিমা কোহলি এবং পিএস নরসিমহানের নেতৃত্বে সাংবিধানিক বেঞ্চ মহারাষ্ট্র বহুমাস ধরে চলা রাজনৈতিক সঙ্কটের মামলায় আজ রায়দান করেছে। প্রধান বিচারপতি সিজেআই ডিওয়াই চন্দ্রচূড় সংবিধানের বেঞ্চের দ্বারা গৃহীত সর্বসম্মত রায় পড়ার সময় বলেন, “একনাথ শিন্ডে সরকার মহারাষ্ট্র অধ্যাহত থাকবে, কারণ উদ্ধব ঠাকরে ফ্লোর টেস্টের মুখোমুখি না হয়েই মুখ্যমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেছিলেন। এই অবস্থায় সুপ্রিম কোর্ট তাঁর পদত্যাগ বাতিল করতে পারে না, পুরনো সরকারকে ফিরিয়েও আনতে পারবে না।” অন্যদিকে, শীর্ষ আদালত মহারাষ্ট্রের তৎকালীন রাজ্যপালের ফ্লোর টেস্ট ডাকার সিদ্ধান্ত এবং



শিন্ডে গোষ্ঠীর বিধায়ক ভরশেত গোগাভালেকে শিবসেনা দলের প্রধান হুইপ হিসাবে স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্তকেও ভুল বলে অভিহিত করেছে। সুপ্রিম কোর্টের সাংবিধানিক বেঞ্চের সিদ্ধান্ত নিয়ে সংবাদ সম্মেলনে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে এবং উপমুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফডনবিশ তাঁদের প্রতিক্রিয়া বলেন, “এটি গণতন্ত্র এবং গণতান্ত্রিক প্রক্রিয়ার জয়। সুপ্রিম কোর্টের রায়ের আমরা সন্তুষ্ট। আজ মহা বিকাশ আঘাদির (এমডিএ) যত্নবৃত্ত বার্থ হয়েছে। মহারাষ্ট্রের শিবসেনা-বিজেপি সরকার যে সম্পূর্ণ বৈধ, তা নিয়ে এখন কারও সন্দেহ নেই।” দেবেন্দ্র ফডনবিশ বলেন, “নৈতিকতার কথা উদ্ধব ঠাকরকে শোভা পায় না। আমি তাকে জিজ্ঞাসা করতে চাই যে ২০১৯ সালের মহারাষ্ট্র বিধানসভা নির্বাচনে তিনি বিজেপির সঙ্গে জোটবদ্ধ হয়ে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন এবং জনগণ বিজেপি-শিবসেনাকে সংখ্যাগরিষ্ঠতা দিয়েছে। তিনি যখন এনসিপি এবং কংগ্রেসের পক্ষে ছিলেন, মুখ্যমন্ত্রী হওয়ার জনগণের আদেশকে অসম্মান করেছিলেন। তখন তিনি কি তাঁর নৈতিকতা ভুলে গিয়েছিলেন? তিনি নৈতিকতার কারণে মুখ্যমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেননি।” অন্যদিকে পাণ্ডা কটাক্ষ করে আদিত্য ঠাকরে বলেন, “রাজ্যপালের ভূমিকা এবং সহায়তা স্পষ্ট। তিনি গণতন্ত্র হিসেবে নয়, দলীয় লোক হিসেবে কাজ করেছেন। যদি নৈতিকতা ও লজ্জা অবশিষ্ট থাকে, তাহলে অসাংবিধানিক মুখ্যমন্ত্রীর পদত্যাগ করা উচিত।” বিষয়টি নিয়ে মহারাষ্ট্রের প্রাক্তন মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরে বলেন, “আমার লড়াই জনগণ, রাজা এবং বৈদেশিক, নিজেদের জয়। আমি নিজের জন্য লড়াই করছি না। আমি জনগণ, রাষ্ট্র এবং দেশের জন্য লড়াই করছি।”

সিউড়িতে এনআরসি নিয়ে অমিত শাহকে তীব্র আক্রমণ অধীরের

দুরন্ত বার্তা, সিউড়ি, ১১ মেঃ পয়লা বৈশাখের আগের দিন সিউড়িতে সভা করেছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বিজেপির সেই সভামঞ্চ থেকে বাংলায় অনুপ্রবেশ নিয়ে তীব্র আক্রমণ শানিয়েছিলেন তিনি। তবে এনআরসি বা সিএএ নিয়ে একটা শব্দও উচ্চারণ করেননি। বৃহস্পতিবার সেই সিউড়িতেই সভা করে এনআরসির প্রসঙ্গ টেনে অমিত শাহের উদ্দেশ্যে তীব্র আক্রমণ শানালেন প্রদেশ কংগ্রেস সভাপতি তথা লোকসভায় কংগ্রেস দলনেতা অধীর চৌধুরী। এদিন অধীর বলেন, “আরে খালি এখানে এসে বলে বাংলাদেশ পাঠিয়ে দেবে। অমিত শাহ তো লোকসভায় আমার ১০ হাত দূরে বসেন। আমি একদিন বলেছিলাম, এই অমিত শাহ! তোর বাপের ক্ষমতা থাকলে আমায় বাংলাদেশে পাঠা দেখি।” এ নিয়ে বিজেপি মুখপাত্র শমীক ভট্টাচার্য বলে, “এর থেকে বোঝা যাচ্ছে শতাব্দীপ্রাচীন কংগ্রেসের রুচিরোধ




এক সপ্তাহের মধ্যে তৃতীয় বার! স্বর্ণ মন্দিরের কাছে আবারও বিস্ফোরণ, গ্রেফতার ৫



অমৃতসর, ১১ মে : অমৃতসরের স্বর্ণ মন্দিরের কাছে আবারও বিস্ফোরণ। এক সপ্তাহের মধ্যে এই নিয়ে তৃতীয়বার স্বর্ণ মন্দিরের কাছে বিস্ফোরণ হল। বুধবার মধ্যরাতে জোর শব্দে কঁপে ওঠে স্বর্ণ মন্দিরের আশপাশের এলাকা। পুলিশ সূত্রে খবর, রাত সওয়া ১২টা থেকে সাড়ে ১২টার মধ্যে স্বর্ণমন্দির এলাকার শ্রী গুরু রামদাস নিবাসের কাছে বিস্ফোরণ ঘটে। তবে হতাহতের কোনও খবর নেই।পঞ্জাব পুলিশ জানিয়েছে, অমৃতসর বিস্ফোরণের পরিকল্পনাকারী পাঁচ যড়যন্ত্রকারীকে গ্রেফতার করা হয়েছে। বিস্ফোরণের পিছনে উদ্দেশ্য ছিল শান্তি বিঘ্নিত করা। আতশবাজিতে ব্যবহৃত বিস্ফোরক বিস্ফোরণে প্রয়োগ করা হয়। পুলিশ সূত্রে খবর, হরমন্দির সাহিবের কাছে যে উদ্যান রয়েছে, তার সামনের গলিপথ গালিয়ারায় এই বিস্ফোরণ ঘটে। পুলিশের দাবি, বিস্ফোরণের পর ঘটনাস্থল থেকে কিছু লিফ্‌লেট পাওয়া গিয়েছে। বোমা ফাটার পর তার অবশিষ্টাংশও উদ্ধার করেছে পুলিশ।

মুদু তীরতার ভূমিকম্পে কাঁপল উত্তরাখণ্ডের পিথোরাগড়, কম্পাঙ্ক মাত্র ৩.১



দেহরাদুন, ১১ মে : মুদু তীরতার ভূমিকম্পে কঁপে উঠল উত্তরাখণ্ডের পিথোরাগড় জেলা। বৃহস্পতিবার সকাল ৬.১৫ মিনিট নাগাদ পিথোরাগড় জেলায় হালকা কম্পাঙ্কের ভূমিকম্প অনুভূত হয়। রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল মাত্র ৩.১।ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি জানিয়েছে, বৃহস্পতিবার সকাল ৬.১৫ মিনিট নাগাদ পিথোরাগা জেলায় ৩.১ তীব্রতার ভূমিকম্প অনুভূত হয়। ভূমিকম্পের উৎসস্থল ছিল উত্তরকাশি থেকে ১৯৮ কিলোমিটার পূর্ব ও দক্ষিণ-পূর্বে, ভূপৃষ্ঠের মাত্র ৫ কিলোমিটার গভীরে। ২৯.৮৭ অক্ষাংশ ও ৮০.২৫ দ্রাঘিমাংশ।

একদিনের বিশ্বকাপে খেলার যোগ্যতা পেল দক্ষিণ আফ্রিকা

চেমসফোর্ড, ১১ মে : ভারতে একদিনের বিশ্বকাপে দক্ষিণ আফ্রিকা সরাসরি খেলতে পারবে কি না তা নির্ভর করছিল বাংলাদেশ-আয়ারল্যান্ড এক দিনের সিরিজের উপর। কিন্তু সিরিজের প্রথমএক দিনের ম্যাচ বুট্টির ভেঙে যাওয়ার জন্য দক্ষিণ আফ্রিকা সরাসরি ভারতে হতে চলা বিশ্বকাপে যোগ্যতা অর্জন করল।অন্য দিকে আয়ারল্যান্ডকে যোগ্যতা অর্জনের জন্য যোগ্যতা অর্জন পর্ব খেলতে হবে।বিশ্বকাপের সুপার লিগে দক্ষিণ আফ্রিকার পয়েন্ট ৯৮। আয়ারল্যান্ডের পয়েন্ট ছিল ৬৮। আয়ারল্যান্ড বাংলাদেশকে ৩-০ ফলে হারালে আয়ারল্যান্ডের পয়েন্ট হতে পারে ৯৮। তখন নেট রান রেটে আয়ারল্যান্ডের সরাসরি যোগ্যতা অর্জন করার সম্ভাবনা থাকত। কিন্তু ম্যাচ ভেঙে যাওয়ার জন্য দু’দলই ৫ পয়েন্ট করে পেল। অর্থা, বাকি দু’টি ম্যাচ জিতলেও সর্বোচ্চ ৯৩ পয়েন্ট হবে না আয়ারল্যান্ডের। সুতরাং আর কোনও ভাবেই দক্ষিণ আফ্রিকাকে ছুঁতে পারবে না আয়ারল্যান্ড।

মহারাষ্ট্রের বর্তমান মুখ্যমন্ত্রী ও উপ-মুখ্যমন্ত্রীর যদি কোনও নীতিবোধ থাকে, তাহলে তাদের পদত্যাগ করা উচিতঃউদ্ধব ঠাকরে

মুম্বই, ১১ মে : মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে ও উপ-মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফডনবিশের বিরুদ্ধে তেপ দাগলেন মহারাষ্ট্রের প্রাক্তন মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরে। সুপ্রিম কোর্টের রায়ের পর উদ্ধব ঠাকরে বলেছেন, মহারাষ্ট্রের বর্তমান মুখ্যমন্ত্রী ও উপ-মুখ্যমন্ত্রীর যদি কোনও নীতিবোধ থাকে, তাহলে তাদের পদত্যাগ করা উচিত।উদ্ধব বলেছেন, তাঁরা



(বর্তমানে শিন্ডে গোষ্ঠীর বিধায়ক)

আমার দল এবং আমার বাবার

উত্তরাধিকারের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে। তখন মুখ্যমন্ত্রী হিসেবে

ত্রিপুরা, অসম সহ উত্তরপূর্বে ঘূর্ণিঝড়ের সতর্কতা জারি

আগরতলা, ১১ মে : ত্রিপুরা সহ উত্তরপূর্বে ঘূর্ণিঝড়ের সতর্কতা জারি হয়েছে। আগামী ১৩ মে ভারী এবং ১৪ মে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাসের জেরে ত্রিপুরার ৮ জেলায় আজ সতর্কতা জারি হয়েছে। সমস্ত জেলাশাসককে পরিস্থিতি মোকা বিলায় সব ধরনের ব্যবস্থা রাখার পরামর্শ দেওয়া হয়েছে। বঙ্গোপ সাগরের বুকে তৈরি হতে চলেছে ঘূর্ণিঝড়। ফলে, তামিলনাড়ু, পুদুচেরি, অন্ধ্রপ্রদেশ, আন্দামান-

নিকোবর, পশ্চিমবঙ্গ, ওড়িশা, ত্রিপুরা, অসম, পূর্ব অরুণাচল প্রদেশ, মিজোরাম, মণিপুর এবং নাগাল্যান্ডকে সতর্ক থাকার জন্য আহ্বাওয়া দফতর থেকে পরামর্শ দেওয়া হয়েছে। নিম্নচাপের জেরে অন্দামান-নিকোবর, ত্রিপুরা, মিজোরাম, নাগাল্যান্ড, মণিপুর, পূর্ব অরুণাচল প্রদেশ এবং দক্ষিণ অসমে ভারী বৃষ্টিপাত হবে বলেও সতর্কবার্তায় বলা হয়েছে।জাতীয় বুলেটিনে জানা গেছে, আদামান-

নিকোবর দ্বীপপুঞ্জে ১১ এবং ১২ মে ভারী বৃষ্টিপাত হবে। তেমনি, ত্রিপুরা এবং মিজোরামে ১৩ মে ভারী এবং ১৪ মে অতি ভারী বৃষ্টিপাত হবে। নাগাল্যান্ড, মণিপুর, পূর্ব অরুণাচল প্রদেশ এবং দক্ষিণ অসমে ১৪ মে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।তাই ত্রিপুরার রাজস্ব দফতরের বিশেষ সচিব একে ভড়াচাষ আঁট জেলার জেলা শাসককে সমস্ত পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত থাকার নির্দেশ

দিয়েছেন। স্বেচ্ছাসেবক, এনডি আরএফ, এসডি আরএফ, টিএসআর, দমকল বাহিনীকে প্রস্তুত রাখার পাশাপাশি নৌকা, লাইফ জ্যাকেট এবং বন্যা নিয়ন্ত্রণে ব্যবহারযোগ্য সামগ্রী মজুত রাখার নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়া, নদীর জলস্রব, তীর ইত্যাদির দিকে ক্রমাগত নজর রাখতে বলা হয়েছে। এছাড়া, প্রয়োজনীয় সমস্ত ব্যবস্থা করার জন্যও বলা হয়েছে।

কর্ণাটকে বিকেল ৫টা পর্যন্ত ভোট পড়েছে প্রায় ৬৬ শতাংশ

বেঙ্গালুরু, ১১ মে : গত বুধবার কর্ণাটকের ২২৪টি বিধানসভা আসনে ভোট হচ্ছে। বিকেল ৫টা পর্যন্ত রাজ্যে ৬৫.৬৯ শতাংশ ভোট পড়েছে। ভোট চলবে সন্ধ্যা ৬টা পর্যন্ত।এছাড়াও, জলন্ধর লোকসভা আসনের উপনির্বাচনে দুপুর ৫টা পর্যন্ত ৫০.২৭ শতাংশ এবং ষোলায়ের সোহিংএ আসনের স্থগিত নির্বাচনে ৯১.৩৯ শতাংশ ভোটগ্রহণ রেকর্ড করা হয়েছে। অন্যদিকে, বিধানসভা আসনগুলিতে অনুষ্ঠিত

উপনির্বাচনের কথা বলা হচ্ছে, ওড়িশার ঝাড়সুগুদা আসনে ৬৮.১২ শতাংশ ভোট পড়েছে, উত্তর প্রদেশের মির্জাপুরের চানবের আসনে ৬৯.৫১ শতাংশ এবং রামপুর জেলার সোয়ার আসনে ৪১.৭৮ শতাংশ ভোট পড়েছে।এদিন সকাল থেকে রাজ্যের ২২৪টি বিধানসভা আসনে ভোটগ্রহণ চলছে। কর্ণাটকে ভোটের জন্য ২৬১৫ জন প্রার্থী মাঠে রহেনো। এতে ২৪৩০ জন পুরুষ, ১৮৪ জন মহিলা এবং একজন

ট্রান্সজেন্ডার রয়েছেন। ভোটার তালিকা অনুসারে, রাজ্যে ৫.২১ কোটিরও বেশি ভোটার রয়েছে। প্রসঙ্গত, জলন্ধর লোকসভার সাংসদ চৌধুরী সন্তোষ সিং ১৪ জানুয়ারি রাহুল গান্ধীর ভাঙত জোড়ে। যাত্রা চলাকালীন হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান। ওড়িশার ঝাড়সুগু ডা়া বিধায়ক ও রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী নব কিশোর দাসকে খুন করা হয়েছেন। উত্তরপ্রদেশের

মির্জাপুরের চানবে আসনের বিধায়ক রাহুল প্রকাশ কোল অসুস্থতার কারণে মারা গেছেন। সর্বা বিধায়ক আবদুল্লাহ আজমের বিধানসভা বাতিল হওয়ার পরে রামপুর জেলার সোয়ার বিধানসভা আসনটি খালি হয়ে যায়। মেঘালয়ে, সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচনের সময় সৌহেয়ংয়ে ইউ ডিপি প্রার্থী এইচডিআর লিংডোহোয় মৃত্যুর কারণে নির্বাচন স্থগিত করা হয়েছিল।

ঝাড়গ্রাম বিশ্ববিদ্যালয়ে রবীন্দ্রনাথ ও পণ্ডিত রঘুনাথ মুর্মুর জন্মবার্ষিকী পালিত

ঝাড়গ্রাম, ১১মে : গতবুধবার ঝাড়গ্রাম সাধু রাম চাঁদ মুর্মু বিশ্ববিদ্যালয় এ যথাযোগ্য মর্যাদায় কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর ও পণ্ডিত রঘুনাথ মুর্মুর জন্মবার্ষিকী পালিত হলো। এই উপলক্ষে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে একটি আলোচনাচক্রের আয়োজন করা হয়।অনুষ্ঠানটির সূচনা হয় কবিগুরু সাধু রামচাঁদ মুর্মু,

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর ও পণ্ডিত রঘুনাথ মুর্মুর প্রতিকৃতিতে মালদান, পুষ্পার্ঘ্য নিবেদন ও বিশিষ্ট রবীন্দ্রসংগীত শিল্পী জয়ন্ত সাহার গানের মাধ্যমে। অনুষ্ঠানে পৌরোহিত্য করেন উপাচার্য অধ্যাপক অমিয় কুমার পাণ্ডা। তিনি তার ভাষণের মাধ্যমে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর ও পণ্ডিত রঘুনাথ

মুর্মুর জীবনী, উাদদের ভাবধারা ও মূহুর সৃষ্টিকে সম্ব্বহন করে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন।কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর স্মারক বক্তৃতা দেন বিশিষ্ট লেখক ও কবি, বাংলা সাহিত্য একাডেমী পুরস্কার প্রাপ্ত নির্মাল্য মুখোপাধ্যায়। উনার বক্তব্যের মূল বিষয় ছিল ‘নির্জন রবীন্দ্রনাথ’। এরপর পণ্ডিত রঘুনাথ মুর্মুর জীবনী

ও সাঁওতালী ভাষার প্রতি উনার অবদান নিয়ে বক্তব্য রাখেন সাঁওতালী সাহিত্যের বিশিষ্ট ব্যক্তি দ্বিজপদ হাসাদা।এদিনের এই অনুষ্ঠানে ওড়শির শঙ্কর সরেন, তৃপ্টিচাঁন মান্নি ও আরও অনেক বিশিষ্ট ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সমাপন হয় কবিগুরু সাধু রামচাঁদ মুর্মুর রচিত দেবন তেঁদা়ন আদিবাসী বীর দ গানের মধ্য দিয়ে।

দিল্লি সরকারের হাতে থাকবে আমলাদের বদলির অধিকারঃসুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ১১ মে : দিল্লির আমলাদের বদলির অধিকার থাকবে দিল্লির সরকারের হাতে। বৃহস্পতিবার প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন বেঞ্চ এই রায় দিয়েছে।বৃহস্পতিবার প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়, বিচারপতি এমআর শাহ, বিচারপতি কৃষ্ণ মুরারি, বিচারপতি হিমা কোহলি, বিচারপতি পিএস নরসিমা-এর সাংবিধানিক বেঞ্চ নির্দেশ দিয়েছে, পাবলিক অর্ডার, আইন-শৃঙ্খলা এবং ভূমি ছাড়া যাবতীয় বিষয়ের ক্ষেত্রে দিল্লি সরকারের হাতে ক্ষমতা থাকবে। এদিন শীর্ষ



আদালত জানায় দিল্লি কেন্দ্রশাসিত রাজ্য হওয়ায় অন্য রাজ্যের তুলনায় অধিকার কম। নির্বাচিত সরকার

মানুষের কাছে জবাব দিতে বাধ্য। নির্বাচিত সরকারের প্রশাসনের উপরে নিয়ন্ত্রণ থাকা দরকার বলে

মন্তব্য করে আদালত। প্রধান বিচারপতি বলেন, ‘ একজন অফিসার সরকারের ডাকে সাড়া না দেয়, তাহলে যৌথ দায়বদ্ধতা কমিয়ে দেওয়া হয় ।’ ভারতের প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড় এদিন আরও বলেন, ‘ বিধানসভাকে জনগণের ইচ্ছার প্রতিনিধিত্ব করার জন্য আইন প্রণয়নের ক্ষমতা দেওয়া হয়েছে। মৌলিক কাঠামোর একটি অংশ গঠন করে গণতন্ত্র এবং যুক্তরাষ্ট্রীয় কাঠামোর নীতি। যুক্তরাষ্ট্রীয় কাঠামো বিভিন্ন স্বার্থের বেঁচে থাকা নিশ্চিত করে এবং বিভিন্ন চাহিদা মেটায়।’

আগামী সপ্তাহে ১০০ দিনের কাজ’র পর্যালোচনা বৈঠকে ডাক বাংলার আধিকারিকদের

কলকাতা, ১১ মে : পশ্চিমবঙ্গ সরকারের দাবি, ১০০ দিনের কাজ এরআসান যোজনায় প্রকল্প মিলিয়ে বর্তমানে কেন্দ্রের কাছে রাজ্যের পাঁচটা প্রায় ১৫ হাজার কোটি টাকা। এবার দিল্লি থেকে ডেকে পাঠানো হয়েছে রাজ্যের আন্বাদিকদের। ১০০ দিনের কাজের প্রকল্পের পর্যালোচনা বৈঠক হবে। সেখানেই যোগ দিতে বলা হয়েছে পশ্চিমবঙ্গের আধিকারিকদেরনবাব সূত্রে জানা গিয়েছে, কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রকের সচিব শৈলেশকুমার সিং কয়েকদিন আগে রাজ্যের পঞ্চায়েত সচিব পি উলগানানথকে একটি চিঠি দিয়ে ওই বৈঠকে ডেকেছেন রাজ্যের কর্তাদের। আগামী ১৮ এবং ১৯ মে দিল্লিতে আয়োজিত হচ্ছে এই রিডিউ বৈঠক। যাবতীয় গ্রামোন্নয়ন প্রকল্পের মান ও অগ্রগতি নিয়ে



বৈঠকটি ডাকা হলও ‘ ১০০ দিনের কাজ ’-এর পর্যালোচনার জন্য অধিকাংশ সময় বরাদ্দ করা হয়েছে।বৈঠকের প্রথম দিনে হবে এ সংক্রান্ত আলোচনা। সেদিন বেলা আয়াইটা থেকে সাড়ে ৪টের মধ্যে এতে কোনও সময় পশ্চিমবঙ্গের প্রতিনিধিকে বলতে দেওয়া হবে। ১০০ দিনের কাজের প্রকল্পে পরপর দু’টি অর্থবর্ষে বাংলাকে কোনও টাকা যেমনি কেন্দ্রে, তারই পর্যালোচনা বৈঠকে ডাকা হয়েছে বাংলার পঞ্চায়েত দফতরের কর্তাদের।

মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মার হাতে চালু নতুন প্রকল্প ‘আয়ুস্মান অসম’



সরকার দায়িত্ব নেওয়ার দিন থেকে সবরূতাপ্রকারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে আসছে। পণ্ডিত দীনদয়াল উপাধ্যায়ের অস্ত্রোদ্যার মতাদর্শের প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিশ্বাসে অনুপ্রাণিত হয়ে এই প্রকল্প চালু করা হয়েছে।মুখ্যমন্ত্রী বলেন, ‘ অসম সরকারের সামাজিক খণ্ডের

গুরুত্বপূর্ণ প্রকল্প আয়ুস্মান অসম-মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার প্রচলন করে অত্যন্ত আনন্দিত আমি। এই যোজনার অধীনে রেশন কার্ড ধারী ৩২ লক্ষ পরিবারকে ৫ লক্ষ টাকার বিনামূল্যে চিকিৎসার নিশ্চয়তা প্রদান করে স্বাস্থ্য সুরক্ষা

দেশের উন্নয়ন ও রাজ্যের প্রগতির মন্ত্রে বিশ্বাসী ভারত সরকার ঃপ্রধানমন্ত্রী



নাথদ্বারা, ১১ মে : দেশের উন্নয়ন ও রাজ্যের প্রগতির মন্ত্রে বিশ্বাসী ভারত সরকার। বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, রাজস্থান দেশের বৃহত্তম রাজ্যগুলির মধ্যে একটি, রাজস্থান ভারতের বীরত্ব, ভারতের ঐতিহ্য, ভারতের সংস্কৃতির বাহক। রাজস্থানের যত উন্নয়ন হবে, ভারতের উন্নয়ন তত বেশি গতি পাবে। গত বুধবার রাজস্থানের নাথদ্বারায় বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন প্রধানমন্ত্রী মোদী। এই অনুষ্ঠানে তিনি বলেছেন, এখন দেশে সব ধরনের পরিকাঠামোতে অভূতপূর্ব বিনিয়োগ হচ্ছে, কাজ চলছে অভূতপূর্ব গতিতে... রেলপথ, মহাসড়ক অথবা বিমানবন্দর, প্রতিটি ক্ষেত্রেই ভারত সরকার হাজার হাজার কোটি টাকা বিনিয়োগ করছে।এই বছরের বাজেটেও ভারত সরকার ১০ লক্ষ কোটি টাকা বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছে।প্রধানমন্ত্রী বলেছেন, আধুনিক পরিকাঠামো শহর ও গ্রামে যোগাযোগ বৃদ্ধি করে। আধুনিক অবকাঠামো সমাজে সুবিধা যোগ করে এবং সমাজকে সংযুক্ত করে। আধুনিক পরিকাঠামো ডিজিটাল সুবিধা বাড়ায় এবং মানুষের জীবনকে সহজ করে তোলে। আধুনিক পরিকাঠামো ঐতিহ্যকে উন্নীত করার পাশাপাশি উন্নয়নকে ত্বরান্বিত করে। মোদী বলেছেন, সঠিক ও পর্যাপ্ত পরিকাঠামো তৈরি করা ভারত সরকারের আগে কখনোই অগ্রাধিকার পায়নি। যারা নেতিবাচকতায় ভরা, তাদের স্বার্থপর রাজনৈতিক উদ্দেশ্যের বাহিরে চিন্তা করার দৃষ্টি বা ক্ষমতা নেই।

উত্তর প্রদেশে নির্বিঘ্নেই চলেছে চূড়ান্ত দফার পুর নির্বাচন, ভোটারদের মধ্যে উৎসাহ তুঙ্গে

লখনউ, ১১ মে :উত্তর প্রদেশে কড়া নিরাপত্তার মধ্যে নির্বিঘ্নেই চলছে দ্বিতীয় তথা চূড়ান্ত দফার পুরসভা নির্বাচনের ভোটগ্রহণ। এই পর্যায়ে ৮টি ডিভিশনের ৩৮টি জেলায় এদিন ভোটদাতারা মতাদিকার প্রয়োগ করলেন। এই ডিভিশন গুলি হল - আলিগড়, অযোধ্যা, আজমগড়, বস্তি, বরেলি চিত্রকুট, লখনপুর এবং মির্জাপুর। সকাল ৭টায় ভোট গ্রহণ শুরু হয়েছে। চলবে সন্ধ্যা ৬টা পর্যন্ত।এর আগে গত ৪ মে প্রথম পর্যায়ের ভোটগ্রহণ হয়, গত ৪ মে, প্রথম পর্যায়ের নির্বাচনে প্রায় ৫২ শতাংশ ভোট পড়েছিল। দ্বিতীয় পর্যায়ে ভোটারদের মধ্যে যথেষ্ট উৎসাহ দেখা গিয়েছে। সকাল থেকেই লাইন লাইন ছিল বুথকেন্দ্রে।সামনে। উত্তর প্রদেশ রাজ্য নির্বাচন কমিশনের দেওয়া তথ্য অনুযায়ী, ভোটগণনা হবে ১৩ মে।

ভারতে কোভিড-সংক্রমণ ফের অনেকটাই কমল একদিনে মৃত্যু ১৪ জনের, সুস্থতাতেও বৃদ্ধি



নয়াদিল্লি, ১১ মে : ভারতে করোনার দৈনিক সংক্রমণ ফের অনেকটাই কমেছে, নিয়ন্ত্রণের মধ্যেই রয়েছে মৃত্যুর সংখ্যা। বিগত ২৪ ঘণ্টায় ভারতে নতুন করে করোনায় সংক্রান্ত হয়েছে১১,৬৯০ জন, এই সময়ে মৃত্যু হয়েছে কোভিড-আক্রান্ত ১৪ জন রোগীর। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ১৯,৬১৩-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০৪ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছে ভারতে। বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত মৃত্যু হয়েছে ৫,৩১,৭৬৬ জনের (১.১৮ শতাংশ)।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,২৫,২৫০ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৭৭ শতাংশ। বিগত ২৪ ঘণ্টায় টিকা পেয়েছেন ০২,১১৪ জন, মোট করোনার টিকা পেয়েছেন ২২০,৬৬,৮৬,৭৬৪ জন। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১০ মে সারা দিনে ভারতে ১,৪৭,১৭৭ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-ম্যান্‌স্পেল টেস্ট করা হয়েছে।

৯৬-এর স্মৃতি ফিরে আসছে ২০২৩ বিশ্বকাপে, উদ্বোধনী ম্যাচে খেলবে ইংল্যান্ড-নিউজিল্যান্ড

মুম্বাই, ১১ মে : এখানো শেষ হয়েছিল সেখান থেকেই শুরু হবে এবারের বিশ্ব কাপ। ২০১৯ বিশ্বকাপ ক্রিকেটের ফাইনাল খেলেছিল ইংল্যান্ড-নিউজিল্যান্ড। ২০২৩ বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচেও মুখোমুখি হতে চলেছে এই দুটি দলই। অক্টোবর-নভেম্বরে বিশ্বকাপের উদ্বোধনী ও ফাইনাল হবে আনন্দোদায়ক নরেন্দ্র মোদি স্টেডিয়ামে। তবে এই দুটি সেলের মধ্যে উদ্বোধনী ম্যাচ হলে বিশ্বকাপের প্রথম ম্যাচ আয়োজনের ধারায় একটি পরিবর্তন আসবে। স্বাগতিক ছাড়া উদ্বোধনী ম্যাচ হবে ছয় আসর পর।এ অক্টোবর উদ্বোধন ও ১৯ নভেম্বর ফাইনাল ধরে সূচি তৈরি করা হয়েছে। অনুমোদনের অপেক্ষায় আছে সূচিটি। আগামী ২৮ মে আইপিএল শেষ হলেই আনুষ্ঠানিকভাবে চূড়ান্ত সূচি ঘোষণা করা হবে।

নামখানা ব্লকে অনুষ্ঠিত হলো ম্যারাথন দৌড়



নিজস্ব প্রতিনিধি, নামখানাঃবিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬২ তম জন্মজয়ন্তী উপলক্ষে দক্ষিণ ২৪ পরগনার নামখানা ব্লকের অনুষ্ঠিত হলো ম্যারাথন দৌড় প্রতিযোগিতা। এই ম্যারাথন দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় শিবনগর আবাদ দ্বারিক নগর হাসপিটাল মোড় থেকে বকখালি পন্থে। এই প্রতিযোগিতা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবক তথা জনদরদী বিদ্যুৎ কুমার দিদ্দা, উপস্থিত ছিলেন বকখালি ও গঙ্গাসাগর উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান শ্রীমন্ত কুমার মালি, উপস্থিত ছিলেন নামখানা ব্লক শুধু নয় সাগর, কাকদীপ, কুল্লী থেকে বহু প্রতিযোগী এই ম্যারাথন দৌড় অংশগ্রহণ করেন। ২১ কিলোমিটার ম্যারাথন দৌড় করিয়ে সারা নামখানা জুড়ে একটি চমক সৃষ্টি করলেন বিশিষ্ট সমাজসেবী বিদ্যুৎ কুমার দিদ্দা। এই প্রসঙ্গে বিদ্যুৎ বাবু বলেন, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬২ তম জন্মদিনকে সাম্মীি রেখে আমার বাবা স্বর্নাঙ্গ কুমার দিদ্দা এবং মা চঞ্চলাময়ী দিদ্দা এর স্মৃতির উদ্দেশ্যে মূলত আমার এই ম্যারাথন দৌড়ের আয়োজন করা হয়েছে। এই প্রতিযোগিতায় প্রথম পুরস্কার ছিল পাঁচ হাজার এবং একটি সুদৃশ্য ট্রফি। দ্বিতীয় পুরস্কার দুই হাজার এক টাকা এবং একটি সুদৃশ্য ট্রফি। এই বছর দ্বিতীয় তম বর্ষে পড়লো। আমি চাই আরো বেশি বেশি করে প্রতিযোগী এইরকম একটি ম্যারাথন দৌড়ে অংশগ্রহণ করুক।

দুরন্ত বার্তা

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,১২মে শুক্রবার, ২৮ বৈশাখ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ১২মেঃ ২০২৩, ৫৩৬ চৈতন্যদ, কলিঃ৫১২৩, সৌরঃ ২৮ বৈশাখ মাস, চান্দ্র ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাব্ব, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ২৮ বৈশাখ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ২৮ বৈশাখ মাস ১৯৪৪,মৈতেঃ১১ শজিবু, আসামঃ২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃবিকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১ঃ১১৬ঃ ৫০(৮)।শুক্ল পক্ষ তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃঅর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৪৫ পর্যন্ত পরে পূনর্বসংকরণঃবিজয় রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগুণ অমৃতযোগঃমীন ০৫ঃ২৪ঃ০১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ২৪ঃ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০ঃ০৩ঃ০২ পর্যন্ত থেকে - ০৩ঃ২২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১ঃ২ঃ৯ঃ০৪ থেকে - ১১ঃ৫ঃ৪৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত কুলিক বেলোঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত কুলিক রাত্রিঃ০ঃ ২ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত বারবেলাঃ দিন ০৮ঃ৩ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালাবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ০৮ঃ১৮ পর্যন্ত। কারাবিরাঃ০৮ঃ৪৪ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২ঃ৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৬) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৬) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪ পদ।।বারবেলাঃ দিন ০৮ঃ৩ঃ১২৫

আবহাওয়া

আংশিক পরিষ্কার আকাশ।বৃষ্টির হতে পারে নাও হতে পারে।।তপমাত্রাঃসর্বোচ্চ ৩৮.০৬ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৮.০৬ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। এপার্মেক্স অর্দ্রতা হবে ৮৪শতকরা এবং ২৮শতকরা। বৃষ্টি হয়েছে বৃহঃহাঃ। জ্যোয়ার-সকল ৮ টা ২০ মিনিট এবং রাতঃ৮টা ২০মিনিট হবে। ভাটা-সকল-৮টা ২০মিনিট। রাতঃ৮টা ২০ মিনিট। সূর্য উন্নয় হবে আজঃ ৫ টা ০৩মিনিটে এবং সূর্য অস্ত যাবে দিনঃ ৬ টা -০৬মিনিটে।মধ্যে হবে আজ হতে পারে।

রাশিফল

মেঘরাশিঃ আপনি পরিস্থিতি সামলানোর ফলে আপনার উজ্জয়ের সৃষ্টি হবে।সংসারে শান্তি বৃষভ রাশিঃনিজের খাদ্য (তালিকা) নিয়ন্ত্রণের আওতায় রাখুন এবং শারীরিকভাবে সুস্থ থাকার জন্য পালন করুন।
শুভ মিথুন রাশিঃআপনার কাঁখে অনেক কিছু নির্ভর করবে আপনাকে।প্রচুর প্রত্যাশার ক্ষেত্রে আপনার জন্য মনের স্বচ্ছতা গুরুত্বপূর্ণ হবে।
কর্কট রাশিঃযাবা মজা করার উদ্দেশ্য নিয়ে বেরিয়েছেন তাদের জন্য নিজেই আনন্দ এবং উপভোগ। বিবাহের যোগ হবে।
সিংহ রাশিঃসামাজিক জীবনের থেকে স্বা স্বয়কে অগ্রাধিকার দেওয়া উচিত। আপনি আজ ব্যবসায় প্রচুর লাভ অর্জন করতে পারেন।
কন্যা রাশিঃঅর্থ-সংক্রান্ত সমস্যার কারণে আজ আপনি উদ্বিগ্ন থাকতে পারেন। আর্থিক ব্যয় হবে **তুলা রাশিঃ**দাঁতে যন্ত্রণা এবং পেটের গোলমাল আপনার জন্য কিছু সমস্যা সৃষ্টি করতে পারে।
বৃশ্চিক রাশিঃহাওয়ায় প্রাসাদ বানিয়ে সময় নষ্ট করবেন না। তার চেয়ে উপযুক্ত কাজ করার জন্য শক্তি সংরক্ষ করুন।
শুভনিধনু রাশিঃআপনার মন ভাল। জীবনের প্রতি আগ্রহী হবে।
মকর রাশিঃপারিবারিক চিনিসার খরচ বৃদ্ধির সম্ভাবনা উড়িয়ে দেওয়া যেতে পারে না। অর্থ ব্যয় **কুর্শ রাশিঃ**টাকার না দেওয়া খাবার খুশি হবেন না- এতে অসুস্থ হবে।
মীন রাশিঃমানসিক অসুস্থতা তৈরি হওয়ার আগে আপনি আপনার নেতিবাচক চিন্তাকে ধ্বংস করে ফেলুন। আপনি কিছু দান এবং দাতব্য কাজের মধ্যে নিজেকে জড়িত রাখলে তাদের



বৃহস্পতিবার জাতীয় প্রযুক্তি দিবসে কলকাতা সায়েন্স সিটিতে তৈরি একটি ‘মিসাইল পার্ক’ জনসাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে। মিসাইল পার্কটি ফ্লেগশপ্সের লাইফ- সাইজ রেলিকার মাধ্যমে ভারতের ফ্লেগশাপ্ত্র উন্নয়ন কর্মসূচি প্রদর্শনের জন্য ডিজাইন ও বিকাশ করা হয়েছে। দর্শনাধীরা ব্রহ্মোস, পুশ্চী, মিশন শক্তি, আকাশ, অস্ট্রা এবং নাগ নামে ভারতের ছয়টি ফ্ল্যাগশিপ ফ্লেগশাপ্সের জীবন- আকারের মডেলগুলির একটি শ্রাসরুদ্ধকর দৃশ্য দেখতে পারবেন। পার্কের একটি অতিরিক্ত আকর্ষণ হল ভারতের ফ্লেগশাপ্ত্র মানবের মূর্তি, প্রাক্তন ভারতীয় রাষ্ট্রপতি ডঃ এ পি আব্দুল কালাম, যিনি তার প্রারম্ভিক বছরগুলিতে ভারতের ফ্লেগশাপ্ত্র উন্নয়ন কর্মসূচির নেতৃত্ব দিয়েছিলেন। একটি অডিও ভাষ্য স্বয়ংক্রিয়ভাবে ভারতীয় মিসাইল প্রোগ্রামের একটি ওভারভিউ দিতে শুরু করে যে মূহূর্তে দর্শক তার মূর্তির সামনে দাঁড়বেন।-নিজস্ব চিত্র

রামনবমীর মিছিলে অশান্তি, তদন্ত শুরু এনআইএ-র

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ মে : রামনবমীতে অশান্তির তদন্তে আরও তৎপর এনআইএ। হাওড়া, রিষড়া ও ডালখোলার অশান্তিতে ৬টি মামলা দায়ের করল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। এরমধ্যে পাঁচটি হাওড়া ও রিষড়ার অশান্তি সংক্রান্ত এবং আরেকটি মামলা করা হয়েছে ডালখোলায় রামনবমীতে হিংসার ঘটনায়। কলকাতা হাই কোর্টের নির্দেশে রামনবমীর মিছিলে অশান্তির ঘটনার তদন্তভার হাতে নিয়েছে এনআইএ। এরপরই তারা নিজেরা ৬টি মামলা দায়ের করল। সূত্রের খবর, অভিযুক্তদের নিজেদের হেফাজতে চাইতে পারে এনআইএ । রামনবমীর মিছিল ঘিরে অশান্তির ঘটনায় হাই কোর্টের দ্বারস্থ হয়েছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এনআইএ-কে দিয়ে তদন্তের দাবিতে হাই কোর্টে জনস্বার্থ মামলা করেছিলেন তিনি। গত ১০ এপ্রিল শুনানির দিন হাই কোর্টে এনআইএ জানিয়েছিল, তারা ওই অশান্তির ঘটনাগুলির তদন্ত করতে প্রস্তুত। গত ২৭ এপ্রিল তৎকালীন ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি টিএস শিবঞ্জানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্য্যের ডিভিশন বেস্হ হাওড়ার শিবপুর, হুগলির রিষড়া-সহ রাজ্যের কয়েকটি এলাকায় হিংসার ঘটনা নিয়ে এনআইএ তদন্তের নির্দেশ দেয়। আদালত রাজ্যকে নির্দেশ দেয় যেন দু’সপ্তাহের মধ্যে মামলা সংক্রান্ত সমস্ত নথি এনআইএ-কে হস্তান্তর করতো। বৃহস্পতিবার আদালতে এনআইএ জানাল, তারা এফআইআর দায়ের করে আনুষ্ঠানিক ভাবে তদন্ত আরম্ভ করে দিয়েছে। তৎকালীন ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি টিএস শিবঞ্জানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্য্যের ডিভিশন বেস্হ পর্যবেক্ষণে জানিয়েছিল, করা এই অশান্তির ঘটনায় জাতি এবং ক্বাা উল্ক্ষানি দিয়েছে, তা জানা রাজ্য পুলিশের পক্ষে সম্ভব নয়। কেন্দ্রীয় সংস্থাকে দিয়ে তদন্ত প্রয়োজনা। হাই কোর্টের এ-ও পর্যবেক্ষণ ছিল, পুলিশের রিপোর্টে স্পষ্ট যে, অশান্তি হয়েছে।

দ্য কেরালা স্টোরি মুভি ব্যান, প্রতিবাদে হাওড়া ময়দান পথ অবরোধ বিজেপির

দুরন্ত বার্তা, হাওড়া, ১১ মে : ‘দ্য কেরালা স্টোরি’ মুভি বাংলায় বান করার প্রতিবাদে হাওড়া ময়দান মেট্রো চ্যানেলের সামনে বৃহস্পতিবার সন্ধ্যায় পথ অবরোধ করে বিক্ষোভ দেখালো বিজেপি। এদিন বিজেপির কর্মী-সমর্থকরা হাওড়ার পঞ্চানন্দলাল দলের জেলা সদর কার্যালয় থেকে মিছিল করে হাওড়া ময়দান মেট্রো চ্যানেলের সামনে আসেন। সেখানেই তারা বিক্ষোভ ও অবরোধ শুরু করেন। রাস্তায় বসে পড়ে স্লোগান দিতে থাকেন তারা। প্রায় আধঘণ্টা ধরে অবরোধ চলায় পর হাওড়া থানার পুলিশ এসে অবরোধকারীদের সরিয়ে দেয়। বিবেপির হাওড়া সদরের সভাপতি মনিমোহন ভট্টাচার্য্য বলেন, আমরা আজকে হাওড়া সদর বিজেপি, বিজেপি পূর্ব মোঠা এবং বিজেপি মহিলা মোঠার তরফ থেকে এই কর্মসূচি নিয়েছি। যেভাবে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এই সিনেমাকে বাংলায় বানান করেছেন আমরা তার প্রতিবাদে পথে নেমেছি। আমাদের দাবি অবিলম্বে এই সিনেমাকে আবার পশ্চিমবঙ্গের প্রেক্ষাগৃহে ফিরিয়ে আনা হোক এবং মানুষকে দেখার সুযোগ করে দেওয়া হোক। আমাদের দাবি মানা না হলে এই নিয়ে আগামী দিনেও আমাদের আন্দোলন চলবে।

নেতাজিনগর এলাকায় পুকুর থেকে উদ্ধার ব্যক্তির দেহ, তদন্তে পুলিশ

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ মে : বৃহস্পতিবার সকালে রানীদিঘিতে মৃতদেহটি ভাসতে দেখতে পান এলাকার মানুষজন। তারা খবর দেন পুলিশকে। পুলিশ ডাকে ডিএমডিকে। দড়ি ফেলে পুকুর থেকে দেহ উদ্ধার করা হয়। মৃতের সঙ্গে কোনও মানিব্যাগ বা মোবাইল ছিল না। ফলে পরিচয় জানতে বেগ পেতে হয় পুলিশকে। পরে জানা যায় মৃতের নাম জয়দীপ নন্দ। বাজারে তার প্রচুর দেনা হয়েগিয়েছিল। ফলে এই বিষয়টিই নজর কাড়তে পুলিশের। আত্মহত্যা কিনা তা খতিয়ে দেখা হচ্ছে। অন্যদিকে, গত ৯ ফেব্রুয়ারি হরিদেবপুর একট ফ্ল্যাট থেকে উদ্ধার হয় জ্যোতা মৃতদেহ। ওইদিন সকালে এই ফ্ল্যাট থেকে উদ্ধার হয় রবীন্দ্র কুমার চৌরাশিয়াম (৪৫) নামে এক ব্যক্তির ঝুলন্ত দেহ। তার পাশেই পড়ে ছিল সাগুণ্ডা পারভিন (২৫) নামে এক মহিলার দেহ। রবীন্দ্র কুমার চৌরাশিয়া বেহালার পর্শ্বী থানা এলাকার আদর্শ নগরের বাসিন্দা। প্রাথমিক অনুমান ছিল একজন অন্যান্যজনকে খুন করে আত্মঘাতী হয়েছেন। এদিকে রবীন্দ্ৰের ফ্ল্যাট থেকে উদ্ধার হয়েছে তার একটি সূইসাইড নোট। সেখানে রবীন্দ্র লিখেছেন, তার মৃত্যুর জন্য দায়ী বন্ধবী সাগুণ্ডা পারভিন। সে তার জীবন অতিষ্ঠ করে তুলেছিল। পুলিশের অনুমান বান্ধবীকে শ্বাসরোধ করে খুনের পর আত্মহত্যা করেন পেশায় ইলেকট্রিক কন্ট্রল্লির রবীন্দ্র চৌরাশিয়া। রবীন্দ্ৰর বাড়ি বেহালার আদর্শ নগরে। হরিদেবপুরে তিনি থাকতেন অন্য একটি ফ্ল্যাটে। বিবাহিত রবীন্দ্ৰের দুই সন্তান রয়েছে। তার মধ্যে মেয়ের বিয়ে হয়ে গিয়েছে। হরিদেবপুরের চাঁদের ভিলেজ এলাকায় ৩ বছর আগে ফ্ল্যাট কেনেন। মাঝে মাঝে এসে থাকতেন। মাঝে মাঝে পারভিন এসে থাকত। আজ সকালে কাজের লোক দরজায় ধাক্কা দেয়। সাড়াশব্দ না পেয়ে পুলিশে খবর দেওয়া হয়। পুলিশ এসে দরজা ভাঙে। দেখা যায় ভিতরের ঘরে সিলিং ফ্যানের সঙ্গে ঝুলছে রবীন্দ্র। বিহ্বানায় শায়িত পারভিন। পারভিনের গলায় ফাঁস লাগানো দৃশ্য ছিল। অন্যদিকে, গত ৩১ মার্চ লেদার কমপ্লেক্স থানা এলাকায় এক যুগলের দেহ উদ্ধার হয়। জানা যায়। মৃত প্রেমিক যুগলের নাম অসীম সান্দ্রা ও প্রেমিকা চুকাটুকি সর্দার। একই ওডনাল দুই প্রান্তে ফাঁস লাগিয়ে আত্মঘাতী হয়েছে তারা। ওইদিন সকালে ঘরের মধ্যে গলায় ওডনা বাঁধা অবস্থায় দু’জনকে ঝুলতে দেখে স্থানীয়রা। একই ওডনাল এক প্রান্তে প্রেমিক ও অপর প্রান্তে প্রেমিকাকে ঝুলতে দেখে এলাকার মানুষজন। এরপরই তারা পুলিশে খবর দেয়। স্থানীয় বাসিন্দাদের দাবি, পরকীয়া প্রেমের সম্পর্ক মেনে নিতে পারেনি দুই পরিবার। সেই কারণেই গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে দু’জন। ইতিমধ্যেই ঘটনার তদন্ত শুরু করেছে কলকাতা লেদার কমপ্লেক্স থানার পুলিশ।

অটোচালকদের দৌরাহ্ম্য, হাতাহাতিতে জখম ৫ সিভিক ভলান্টিয়ার

দুরন্ত বার্তা, উত্তর ২৪ পরগনা, ১১ মে : শ্যামনগর স্টেশনের সামনে ‘বেআইনিভাবে’ অটো রাখা ঘিরে বৃহস্পতিবার অশান্তি হয়। সিভিক ভলান্টিয়ার ও পুলিশ কর্মীকে মারখরের অভিযোগ উঠেছে কিছু অটো চালকের বিরুদ্ধে। জখম ৫ সিভিক ভলান্টিয়ার ভাটিপাড়া স্টেট জেনারেল হাসপাতাতলে চিকিৎসাধীন। স্টেশনের সামনে অটো রাখাকে কেন্দ্র করে নিত্য অশান্তি। স্টেশনের সামনে দীর্ঘক্ষণ অটো দাঁড় করিয়ে রাখার অভিযোগ। সম্পূর্ণ ভর্তি না হওয়া পর্যন্ত অটো সরাতে চান না চালকরা, বারবার এমন অভিযোগ করেছেন এলাকার দোকানিরা। বৃহস্পতিবারও স্টেশনের সামনে অটো দাঁড় করিয়ে রাখেন চালকরা। এক সিভিক ভলান্টিয়ার বারণ করলে তার উপর চড়াও হন চালকরা। এমনই অভিযোগ। দু’পক্ষের মধ্যে প্রথমে বচসা, পরে হাতাহাতি শুরু হয়ে যায়। খবর পেয়ে ছুটে আসেন পুলিশ কর্মীরাও। তাতে অশান্তির পারদ চড়ে আরও। দু’পক্ষের মধ্যে মারামারি বেঁবে যায়। আহত হন পাঁচ সিভিক পুলিশ। তাদের উদ্ধার করে ভাটিপাড়া স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। প্রাথমিক চিকিৎসা করানো হয়। সিভিক পুলিশের অভিযোগ, স্টেশনের সামনে বেআইনিভাবে অটো দাঁড় করিয়ে রাখে। প্রতিবাদ করলে খুনের হুমকি দেয়। এদিন অটো সরাতে বলায় বচসা বেঁবে যায়। তা হাতাহাতি অবধি গড়ায়। পুলিশ কর্মীকে ধাক্কা দেয় অটোচালকরা দাবি দখম সিভিক ভলান্টিয়ারদের।

নিখোঁজ মেয়ে, পুলিশের দ্বারস্থ বাবা



দুরন্ত বার্তা, জয়নগর, ১১ মে : নিখোঁজ মেয়েকে খুঁজে পেতে এবার জয়নগর থানার দ্বারস্থ হলেন বাবা। গত ১১ এপ্রিল জয়নগর থানার মালদাঁড়ি এলাকার অময় মন্ডলের মেয়ে ২৪ বছরের রিয়া মন্ডল বাড়ি থেকে নাচের স্কুলে যায়। আর তার পর থেকে তার আর কোনো খোঁজ খবর নেই বলে নিখোঁজের বাবা জয়নগর থানায় দাঁড়িয়ে বলেন। বৃহস্পতিবার জয়নগর থানায় মেয়ের নিখোঁজের ডায়েরি করে তার বাবা অময় মন্ডল বলেন, আমার মেয়ে গত ৮ বছর ধরে বিহার, নেপাল সহ বিভিন্ন রাজ্যে ও আমেরিকা রাজ্যের বিভিন্ন জেলায় নাচের প্রোগ্রাম করে বেড়ায়। আর আমার অনুমান মেয়ে নিখোঁজের পিছনে নাচের দল যুক্ত থাকতে পারে। তবে কলকাতায় নাচের স্কুলে নাচের ক্লাস করে আর বাড়ি ফেরে নি সে। আমি এত দিন বিভিন্ন জায়গায় খোঁজখুঁজি করে ও মেয়ের কোনো সন্ধান না পেয়ে জয়নগর থানায় মেয়ের নিখোঁজের ডায়েরি করলাম। আমি চাই দ্রুত মেয়েকে ফিরে পেতে। আর এদিন অভিযোগ দায়েরের পরে জয়নগর থানার পুলিশ তদন্তের কাজ শুরু করেছে বলে জানা গেল। এদিকে সুন্দরবনের বিভিন্ন রকে কাজের প্রলাভে মনে ভিনারাজ্যে মেয়ে পাচারের ঘটনা বেড়ে চলায় উদ্বেগ বাড়ছে পুলিশ প্রশাসনে।

বেআইনি খাদনগুলি ‘বৈধ’ করার প্রস্তাব মুখ্যমন্ত্রীর! বহু চাকরি পাকা হবে, কয়লা মন্ত্রককে নজর দিতে অনুরোধ

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ মে : ‘বেআইনি’ কয়লাখনিগুলিকে ‘বৈধ’ করে দিলে বহু চাকরি পাকা হবে। পারে বড় চাকরি দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় । আজ, বৃহস্পতিবার নবায়নের পর্যালোচনা বৈঠকে এ কথা বলে তিনি।মমতা বলেন, কোল ইন্ডিয়ার সঙ্গে মুখ্যসচিব এই নিয়ে কথা বলতে পারেন। এ নিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ‘আমরা বলছি স্টেট আর সেন্ট্রাল মিলে করুক। যে খাদানগুলো ইল্লিগালি চলছে, সেগুলো যদি লিগাল করে দেওয়া হয়, তাহলে চাকরিগুলো পাকা থাকে। শুধু তাই নয়, তাহলে কয়লা আর বাইরে বিক্রিও করতে হয় না। স্মাগলিং-ও করতে হয় না। কোল মিনিস্টারকে একটু নজর দিতে বলাে।’ এখানেই শেষ নয়, তিনি

এবার বর্ষার আগে থেকেই হাওড়া পুর এলাকায় নিকাশি নালা পরিস্কারের কাজে নামলো পৌরনিগম

শ্রেয়া আদক, হাওড়া, ১১ মে : এবার বর্ষার অনেক আগে থেকেই হাওড়া পুর এলাকায় নিকাশি নালা পরিস্কারের কাজে নামলো পৌরনিগম। বৃহস্পতিবার মধ্য হাওড়ায় হয় স্পেশাল ড্রাইভ। বর্ষার আগে থেকেই এবার নিকাশি নালা পরিস্কারের কাজে নেমেছে হাওড়া পৌরনিগম। বৃহস্পতিবার মধ্য হাওড়ায় এই কাজ খতিয়ে দেখেন পুর অধিকারিকরা। যাতে বর্ষাকালে কোনও সমস্যা না হয়, রাস্তাঘাটে জল না জমে তার জন্যই এবার পৌরনিগমের এই উদ্যোগ। বৃধবার ডিউক রোড, জগন্নাথ ঘাট রোড থেকে শুরু করে অবনি মলের পাশে জি টি রোড অবধি নিকাশি নালা পরিস্কারের কাজ সম্পন্ন হয়েছিল। বৃহস্পতিবার মধ্য হাওড়ার ১৭, ১৮ ও ১৯ নম্বর ওয়ার্ডে নিকাশি নালা পরিস্কারের কাজ হয়। হাওড়া পৌরনিগমের কনজারভেলি দপ্তরের উদ্যোগে এই কাজ করা হচ্ছে। এদিন এই কাজ পরিদর্শন করতে যান হাওড়া পৌরনিগমের প্রশাসকমন্ডলীর ভাইস চেয়ারম্যান সৈকত চৌধুরী, বোর্ড মেম্বর ও সাফাই বিভাগের আধিকারিকরা। হাওড়া পুরসভার প্রশাসকমন্ডলীর ভাইস চেয়ারম্যান সৈকত চৌধুরী জানান, বর্ষার আগে হাওড়া পৌরনিগম সর্বত্র নিকাশি নালা পরিস্কারের কাজ করছে। যাতে বর্ষার সময় রাস্তায় জল না দাঁড়াতে পারে। তিনি বলেন বেশ কিছু জায়গায় নাগরিকদের আরও সচেতন হতে হবে। অনেকে নর্দমার উপর স্মার্ব দিয়ে ঢেকে রেখেছে। তার ফলে নর্দমা পরিস্কার করতে পুর কর্মীদের অসুবিধা হচ্ছে। আমরা



ব্যাপারে সাধারণ মানুষকে সহযোগিতার জন্য আবেদন জানানো হয়েছে। এটা আমাদের স্পেশাল ড্রাইভ। সমগ্র হাওয়ার নর্দমা পরিস্কার করা হচ্ছে। যদি সঠিকভাবে পরিস্কার করা না হয় তাহলে জল জমার সমস্যা থেকে যাবে। জলের ফ্রো ঠিকভাবে হবে না। আগের বছরের মতো এই বছরও বর্ষার সময় যতটা সম্ভব ভালো পরিষেবা দেওয়ার চেষ্টা করা হবে।

সুন্দরবনের জঙ্গল থেকে মধু সংগ্রহ করে ফেরার পরে বনবিবিকে মোরগ সমর্পণ মৌলদের

উজ্জল বন্দ্যোপাধ্যায়, কুলতলি, ১১ মে : সুন্দরবনের গভীর জঙ্গলে মধু সংগ্রহ করে বাড়ি ফেরার পরেই বনবিবির মন্দিরে মোরগ ছেড়ে মানত চোকান সুন্দরবনের মৌলেরা। সুন্দরবনের গভীর জঙ্গলে দরমার বেড়া দেওয়া বনবিবির মন্দির। সেই মন্দিরেই প্রতিবছর বৈশাখের শেষ মঙ্গলবারে আয়োজিত হয় বিশেষ পূজোর। পুজোকে কেন্দ্র করে মেলা বসে যায় আশেপাশে। কুলতলির মৌপীঠের এই মেলাকে স্থানীয় নৈয়া জল জঙ্গল মেলা বলেন। এই পুজোর রীতি অনুযায়ী, অনেকেই পুজো দিয়ে জঙ্গলে মোরগ ছাড়ে।ন। মৈপীঠের

শনিবারের বাজার থেকে বেশি কিছুটা এগিয়ে মাকড়ি নদী পেরিয়ে পৌঁছতে হয় এই ঘন ম্যানগ্রোভের জঙ্গলের ভিতর বনবিবির এই মন্দিরে। স্থানীয় বাসিন্দারা জানান, প্রায় ৭০ বছর আগে এই মন্দির তৈরি হয়েছিল। এমনিতে বনবিবির পুজো হয় মাঘ মাসে। কিন্তু জঙ্গল নির্ভর মানুষজন বর্ষার মুখে জঙ্গলে মাছ-কাঁকড়া ধরতে বেরোনোর আগে এই সময় একটি পুজোর আয়োজন করেন। প্রায় ৬০ বছর ধরে চলে আসছে এই পুজো। এলাকায় গিয়ে দেখা গেল মন্দিরকে ঘিরে ডিড করেছেন কাতারে কাতারে মানুষ জন। মাকড়ি নদী পেরোনোর নৌকা

গুলিতে তিল ধারণের জায়গা নেই। এই এলাকায় নদী পারাপারের জন্য সে ভাবে কোনও ঘাটের ব্যবস্থা নেই। ফলে কাদার উপর দিয়ে হেঁটে, হাঁটু বা কোমর সমান জলে নেমে নৌকায় চাতে দেখা গেল অনেককেই। ডিড সামলাতে এ দিন বাড়তি পুলিশ মোতায়েন করা হয়েছিল। তৈরি রাখা হয়েছিল বিপর্যয় মোকাবিলা দলও। বনবিবির পুজো দিয়ে মানত রাখেন অনেকে। সেই মতো পরে দেবার উদ্দেশ্যে মোরগ সমর্পণ করে পরে তা ছেড়ে দিতে হয় জঙ্গলে। আর এই নিয়মেই বনদেবীকে সন্তুষ্ট করেন সুন্দরবনের মৌলেরা।

কংক্রিটের বাঁধ নির্মাণের দাবি শ্যামপুরবাসীদের

দুরন্ত বার্তা, হাওড়া, ১১ মে : বিপজ্জনকভাবে ধস নেমে ছিল নদী বাঁেরা। তৎকালীন সময়ে সেই ধস রোধা গিয়েছিল। কিন্তু নদী বাঁয়ের ধস রোধার জন্য স্থায়ী কোন সমাধান হয়নি। স্থায়ী সমাধান না হওয়ায় আতঙ্কের মধ্যে দিন রাত্রি থানক করছেন গ্রামীণ হাওড়া জেলার শ্যামপুর ১ নং রকের হুগলি নদী বাঁধ লাগোয়া বাসুদেবপুর, খানপাড়া, গঙ্গধরপুর গ্রামের বাসিন্দরা। নদী বাঁয়ের ধস একটি সময়ে অস্থায়ী ভাবে রোধ করা গেলে ও পুনরায় নতুন করে নদী বাঁয়ের ফাটল দেখা দিয়েছে। নদী বাঁয়ের ফাটল পরিদর্শন করলে সেচ দফতরের আধিকারিকবৃন্দ সহ ইঞ্জিনিয়াররা। ২০২২ সালের মার্চ মাসে গ্রামীণ হাওড়া জেলার শ্যামপুর ১ নং রকের বেলাড়ি গ্রাম পঞ্চায়েতের গড়চুমুকের কাছে পূর্ব বাসুদেবপুরে হুগলি নদী বাঁয়ে বিপজ্জনক ভাবে প্রায় ১৭০ মিটার ধস নেমেছিল। নদী বাঁধ ধসার পরিস্থিতি এতটাই ভয়ঙ্কর ছিল যে, গড়চুমুক থেকে হুগলি নদী বাঁধ বরাবর ঢালাই রাস্তায় যান চলাচল বন্ধ হয়ে গেছে। এক বছর অতিক্রান্ত হলেও সেই রাস্তায় এখন ও যান চলাচল শুরু হয় নি। ২০২০ সালের মার্চ মাসে হুগলি নদী বাঁয়ে ধস নামার ফলে একটি প্রাথমিক বিদ্যালয় অন্যত্র স্থানান্তরিত করা হয়েছে। ওই প্রাথমিক বিদ্যালয় এখনও সেই জায়গাতেই আছে। পূর্বের জায়গায় ফিরে আসতে পারেনি। পুনরায় কিছু দিন আগে হুগলি নদী বাঁধ সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ের সামনে বাঁয়ের দিক দিয়ে ৫০ মিটার নতুন কন্ঠ ফাটল দেখা দিয়েছে। নদী বাঁধের এই ফাটল সরেজমিনে পরিদর্শন করে গেছেন সেচ দফতরের আধিকারিকবৃন্দ সহ ইঞ্জিনিয়াররা। হুগলি নদী বাঁয়ের ধস রোধার জন্য কী কী ব্যবস্থা নেওয়া দরকার সেই বিষয়ে আলোচনা করেছেন সেচ দফতরের আধিকারিকবৃন্দ সহ ইঞ্জিনিয়াররা। গ্রামবাসীদের প্রশ্ন, বর্ষাকাল সামনেই। সেই সময় কী হবে? এটা চিন্তা করেই এলাকাবাসীদের খাওয়া - ঘুম ছুটেছে। অত্যন্ত দিন রাত্রি কাটাচ্ছেন হুগলি নদী বাঁধ সংলগ্ন এলাকার মানুষেরা। তার মধ্যেই ‘মোচা’ ঘৃণী ঝড়ের খবরে আতঙ্ক আর ও বাড়ছে। বিপজ্জনক পরিস্থিতি পর্যালোচনার জন্য পুনরায় সেচ দফতরের আধিকারিকবৃন্দ সহ ইঞ্জিনিয়াররা ৫০ মিটার নতুন কন্ঠ ফাটল দেখা দিয়েছে। এলাকা সরেজমিনে পরিদর্শন করেন। এসেছিলেন নিম্ন দামোদর নির্মাণভুক্ত ২ নম্বরের একজিকিউটিভ ইঞ্জিনিয়ার অঞ্জন মন্ডল, সেচ দফতরের সিজবেডিয়ার সাবডিভিশনাল ইঞ্জিনিয়ার চন্দ্রশেখর রাগুান সন্থ অন্যানি আধিকারিকবৃন্দ। তাঁরা এই বিষয়ে কোনো মন্তব্য করতে চান নি। নতুন করে যেখানে ৫০ মিটার ধস নেমেছে সেখানে সেচ দফতরের নির্দেশে মাটির বস্তুর উপর জিও শিট বাঁধা হয়েছে। বড় নৌকা করে ওই জিও শিট আনা হয়েছে। সেচ দফতর সূত্রে জানা যায়, ওই এলাকায় বাঁধের ৫০ মিটার এলাকা জিও শিট দিয়ে মুড়ে ফেলা হবে। হুগলি নদীর নীচের দিকে ১০ মিটার ও বাঁধের দিকে ৪০ মিটার জিও শিট দিয়ে ধস রোধার পরিকল্পনা আছে। জিও শিট দিয়ে ধস রোধার কাজ শুরু হলো তাতে সন্তুষ্ট নন এলাকাবাসী। এলাকাবাসীদের দাবি হুগলি নদী বাঁয়ের ধস রোধার জন্য কংক্রিটের বাঁধ নির্মাণের।



আরও বলেন, ‘দেখটা আমাদের ঘাড়ে দিয়ে লাভ নেই। এটা স্বরাষ্ট্র মন্ত্রক ও কয়লা মন্ত্রকের কাজ। ইল্লিগালগুলো লিগাল করে দিলে টাকাও পাবে সরকার, লোকদের চাকরিবাকরিও হবে। বেআইনি এখন, বিপদ বন্ধ হবে।’ পাশাপাশি ধনি মুখ্যমন্ত্রী রানিগঞ্জের ধসের বিষয়টা মনে করিয়ে দেন। সেদিকে

খেয়াল রাখতে বলেন। বেআইনি কয়লা খনিকে বৈধতা দেওয়ার কথা এই প্রথম যে মুখ্যমন্ত্রী বললেন তেমন নয়। তার বক্তব্য, এগুলিকে বৈধতা দিলে চুরিও আটকানো যায় আর সরকারের ঘরে রাজস্বও আসে। যদিও এ নিয়ে কেন্দ্রের বক্তব্য রয়েছে। তা হল, জে খনিগুলি থেকে এখন সরকারিভাবে ইসিএল কয়লা তোলা না তা নির্দিষ্ট করার কোনো তোলা হয় না। কারণ এর সঙ্গে পরিবেশের বিষয় জড়িয়ে আছে। শমীক ভট্টাচার্য্য কটাক্ষের সূরে এদিন বলেন, ‘আমরা সবাই জানি তৃণমূলের লক্ষ্মীর ভাণ্ডারে একটা বড় টাকা এসব বেআইনি কারণে থাকা থেকে যেত। কিন্তু তদন্তের কারণে সেটা এখন ধমকে ধমকে ভাঙার চোঁটা পড়তেই মুখ্যমন্ত্রী হয়তো এসব বলছেন।

এবার বর্ষার আগে থেকেই হাওড়া পুর এলাকায় নিকাশি নালা পরিস্কারের কাজে নামলো পৌরনিগম

তাদের সঙ্গে আলোচনা করছি। এই নালা নর্দমা পরিস্কারের কাজ আরও দ্রুত সম্পন্ন করতে একটি বৈঠক অন্তিষ্ঠ হবে বলেও তিনি জানান। সৈকত চৌধুরী আরও বলেন, মধ্য হাওড়ার ১৭, ১৮ এবং ১৯ নং ওয়ার্ডে কনজারভেলি দপ্তর যে পক্ষমুক্তিকরণের কাজ চলছে তার

কাজ সরোজমিন করতে বৃহস্পতিবার হাওড়া পৌরনিগমের কনজারভেলি দপ্তরের পক্ষ থেকে পরিদর্শনে যাওয়া হয়েছিল। এই পরিদর্শনে অন্যান্যদের মধ্যে উ পস্থিত ছিলেন প্রশাসকমন্ডলীর সদস্য বাপি মাল্লা, রিওয়াজ আহমেদ এবং মনজিত র‍্যাফেল। পক্ষমুক্তিকরণের জন্য দায়িত্বপ্রাপ্ত কন্ট্রাক্টররা ঠিকমতো কাজ করছে কিনা তা দেখতেই এদিন পরিদর্শনে যাওয়া হয়েছিল। নর্দমা থেকে ওঠা আবর্জনা ঠিকভাবে না রাখলে রাস্তা নোহরা হয়ে যেতে পারে। নর্দমা থেকে পাক তুলে ও ঠিকভাবে গার্ড দিয়ে যাতে পাক রাস্তায় রাখা হয় সেই ব্যাপারে নির্দেশ দেওয়া হয়েছে। অনেক জায়গায় এমনভাবে স্মার্ব রাখা আছে যার ফলে নর্দমা পরিস্কার করা সম্ভব হচ্ছে না। যাতে নর্দমা পরিস্কার করা সম্ভব হয় সেই



শ্যামপুর ২নং পঞ্চায়েত সমিতির উদ্যোগে এলাকায় ৮০ জন ভূমিহীন কৃষকদের পাট্টা বিতরণ করা হল শ্যামপুর ২নং বিডিও অফিস থেকে, পাট্টা বিতরণ উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উল্লেখ্যায়র মহকুমা শাসক শমীক কুমার ঘোষ, বিধায়ক কালীদাস মন্ডল, শ্যামপুর ২নং বিডিও ফারাহানাছ খানম, পঞ্চায়েত সমিতির সভাপতি জুলফিকার আলী মোল্লা, হাওড়া জেলা পরিষদের অধ্যক্ষ নবেদায়া জানা প্রমুখ।

সপ্তাহান্তে ১৪ ঘণ্টা তারকেশ্বর লাইনে বন্ধ ট্রেন চলাচল, বাতিল বহু লোকাল

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ মে : সপ্তাহান্তে তারকেশ্বর লাইনে বন্ধ থাকবে ট্রেন চলাচল। ফলে ভুগতে হবে ট্রেনযাত্রীদের একাংশকে। শেওড়াকুলি-দিয়াড়ার মাঝে তৈরি হবে নতুন একটি কালভাট ব্রিজ। এজন্য শনিবার রাত সাড়ে দশটার থেকে সাড়ে ১৪ ঘট্টা তারকেশ্বর শাখায় ট্রেন চলাচল বন্ধ রাখবে রেল। যার জেরে শনিবার রাতে হাওড়া থেকে বাতিল তিনটি আপ লোকাল। ডাউনে একটি গোঘাট লোকাল বাতিল থাকবে। রবিবার ভোররাত থেকে আপে ১৬ টি তারকেশ্বর লোকাল বাতিল করা হয়েছে। শেওড়াকুলি-তারকেশ্বরের মধ্যে দু’টি আপ লোকাল ট্রেন বাতিল হবে। ওই দিন ডাউনে তেরোটি তারকেশ্বর লোকাল বাতিল থাকবে। আরামবাগ থেকে তিনটি, গোঘাট থেকে তিনটি সিঙ্গুর ও হরিপাল থেকে একটি করে ডাউন ট্রেন বাতিল থাকবে। সিঙ্গুর-তারকেশ্বরের মধ্যে দু’টি শাটল ট্রেন চলবে। তারকেশ্বরের থেকে সকাল সাড়ে সাতটা ও দশটার সময় ছাড়বে ট্রেন দু’টি। সিঙ্গুর থেকে ছাড়বে সকাল সাড়ে আটটা ও এগারোটার সময়। পূর্ব রেল সূত্রে জানা গিয়েছে, শেওড়াকুলি-দিয়াড়ার মাঝে একটি কালভাট ব্রিজ থাকলেও তা দিয়ে নিকাশী জল ঠিকমতো যেতে পারে না। ফলে লাইন খারাপ হচ্ছিল। এজন্য আরও একটি নতুন কালভাট ব্রিজ তৈরি করা হচ্ছে। ফলে ট্রেন বাতিলের এই সিদ্ধান্ত। প্রসঙ্গত, বৃহস্পতিবার সকাল থেকে রাজ্যে রেল পরিষেবায় জোড়া দুর্ভোগ। একদিকে শক্তিজগতে দুর্ঘটানর জেরে হাওড়া-বর্ধমান শাখায় ট্রেন চলাচল বিপর্যস্ত।

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER
ABRIDGED NIT
The Executive Engineer (Civil)/Br.-VIII, KMC invites e-tender online percentage rate two bid system for the following works: (1) NIT No. : KMC/EE/(C)/Br.-VIII/08402/2023-2024/BUSTEE Name of the Work: Development of bustee road surface by providing cement concrete and ancillary civil works in between 16A & 16D M. P. Road in Ward No. 84. Estimated Amount (Including GST & CESS): Rs. 3,96,182.62. Earnest Money: Rs. 8,000.00. Period of Completion: 90 days. (2) NIT No. : KMC/EE/(C)/Br.-VIII/08667/2023-2024/BUSTEE Name of the Work: Repairing of bustee privies at 6, 10 Garcha 1st Lane, 57, 59 Hazra Road, 3, 7 Lake Colony etc. in Ward No. 86. Estimated Amount (Including GST & CESS): Rs. 3,48,367.92. Earnest Money: Rs. 7,000.00. Period of Completion: 60 days. (3) NIT No. : KMC/EE/(C)/Br.-VIII/08405/2023-2024/BUSTEE Name of the Work: Repairing and maintenance of bustee passage (IPS and Paver Block) at 15B, 16D M. P. Road, 99/3 Hazra Road etc. in Ward No. 84. Estimated Amount (Including GST & CESS): Rs. 1,49,750.95. Earnest Money: Rs. 3,000.00. Period of Completion: 60 days. Last Date and Time of Submission of Bid: 23.05.2023 at 12 noon [For Sl. No. 1 to 3]. Date of Opening of Tender: 25.05.2023 at 12.00 noon [For Sl. No. 1 to 3]. The bid forms and other details shall be available on and from 15.05.2023 (5 p.m.) from the website https://etender.wb.nic.in [For Sl. No. 1 to 3].
The Executive Engineer (Electrical), Lighting Zone-V, Br.-XIV, KMC invites tender online for 2nd call item rate two bid system for the following work: NIT No. : LTGV/BR.-XIV/23-24/EMER/2 Name of the Work: Engagement of electrical night gang for emergency breakdown restoration disaster preparedness of lighting system to avoid any type of accident and public safety under Br.-XIV. Estimated Amount: Rs. 1,89,459.68. Earnest Money: Rs. 3,800.00. Period of Completion: 214 days. Last Date and Time of Submission of Bid: 20.05.2023 at 5 p.m. The bid forms and other details are available on and from 12.05.2023 from the website https://wb.tenders.gov.in
The CME (SWM), KMC invites tender percentage rate two bid system for the following works: (1) NIT No. : SWM-ID-UD-ZOHA/BR-O/2023 Name of the Work: Deployment of labour during Id-Ud-Zoha in Br.-IX. Estimated Amount: Rs. 1,99,800.00. Earnest Money: Rs. 4,000.00. Period of Completion: 3 days. (2) NIT No. : SWM-ID-UD-ZOHA/BR-XV/2023 Name of the Work: Deployment of labour during Id-Ud-Zoha in Br.-XV. Estimated Amount: Rs. 2,39,760.00. Earnest Money: Rs. 4,800.00. Period of Completion: 3 days. Bid submission start (online) date: 16.05.2023 (2.05 p.m.) [For Sl. No. 1 & 2]. Bid submission closing (online) date: 23.05.2023 (2.05 p.m.) [For Sl. No. 1 & 2]. Bid opening for technical proposal (online) date: 25.05.2023 (2.05 p.m.) [For Sl. No. 1 & 2]. The tender documents will be available on and from 16.05.2023 (2 p.m.) from the website https://wb.tender.gov.in and www.kmcgov.in [For Sl. No. 1 & 2].
The Director General (Roads), KMC invites tender online percentage rate two bid system for the following work: NIT No. : KMC/ROADS/NORTH/27/4/2022-2023 (2nd Call) Name of the Work: Repairing of different damaged road surface at Madan Mohan Burman Street and Mukta Ram Babu Street under Br.-V. Estimated Amount (Including GST & CESS): Rs. 4,93,078.33. Earnest Money: Rs. 9,900.00. Period of Completion: 60 days. Last Date and Time of Submission of Bid: 24.05.2023 at 12 noon. The bid forms and other details are available on and from 13.05.2023 (12 noon) from the website https://etender.wb.nic.in

আলোই ঈশ্বরের প্রতিবিশ্ব দূরন্ত বাৰ্তা

২৮ বর্ষ, দৈনিক ১৬১ সংখ্যা, শুক্রবার, ২৮ বৈশাখ ১৪৩০

রাজনীতিতে অবসর গ্রহণ...

রাজনীতিতে অবসর গ্রহণ বলে কোনও কথা নেই। যতদিন বাঁচি ততদিন রাজনীতি করে এই নীতি গ্রহণ করে চলেন রাজনীতিবিদেরা। তারা রাজনীতি করাটা পছন্দ করেন। আবার কেউ কেউ রাজনীতি করেন কামাতে। আবার কেউ কেউ

সম্পাদকীয় ১

পেয়ে সম্যাস ধর্ম গ্রহণ করে সম্যাসী হয়েছেন। তারপরে তিনি গুরু হয়ে দিবা নিজের পেট চালাচ্ছেন। জানতে পারা গিয়েছে শিক্ষা গ্রহণ করেও তারা চাকরি লাভ করতে পারেনি। অর্থ রোজগারের পথটা তৈরি করতে পারেনি। তাই তারা সম্যাস ধর্ম গ্রহণ করে জীবিকা নির্বাহ করতে শুরু করে দিয়েছে। গুরুগিরি করে ভালেই তাদের সংসার চলে। কোনও রকম বন্ধি সামলাতে হয় না। ঠিক তেমনি হচ্ছে রাজনীতিবিদেরা। তারাও রাজনীতি করতে এসে অবসর গ্রহণ করার কথা ভাবে না। শরীর মন চলছে না। কিন্তু বিকেল হলে রাজনৈতিক দলের দফতরে এসে চায়ের সঙ্গে ভাজা চপ মুড়ি চিবাতে চিবাতে রাজনৈতিক মতাদর্শে কথা শুরু করে দেয়। রাজনীতিকে যারা নেশা হিসাবে গ্রহণ করেছে তাদের সংখ্যাও ক্রমশ কমতে শুরু করেছে। এখন যারা রাজনীতি বরছে তারা রাজনীতিকে একটি পেশা হিসাবে গ্রহণ করতে শুরু করেছে। পেশা করতে গেলে দক্ষতার প্রয়োজন। তেমনি রাজনীতিজ্ঞ হতে গেলে দক্ষতার প্রয়োজন। কলেজ জীবন থেকে রাজনীতিতে প্রবেশ শুরু হয়। তার প্রস্থান করে হবে তা কেউই বলতে পারে না। এবারে কিন্তু বিজেপি দল সিদ্ধান্ত গ্রহণ করেছে যাদের বয়স সত্তর হবে তারা আর প্রত্যক্ষ রাজনীতিতে অংশ গ্রহণ করতে পারবে। তাদেরকে বিরিষ্ঠ রাজনীতিবিদের তালিকায় ফেলে দেওয়া হবে। আবার যারা রাজনীতি থেকে অবসর গ্রহণ করতে ইচ্ছুক থাকবে তাদেরকে বিদায় স্বর্ধনা দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। বিজেপি দলের নেতা লালকৃষ্ণ আদবানি অবসর গ্রহণ করার কথা ভাবছিলেন না। তিনি মোদি সরকার প্রতিষ্ঠা দেওয়া আসন্দ ছিলেন। তারপরে তাঁকে বিজেপি দল বেশি আগ্রহ না দেখানোর ফলে তিনি সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন যে আর সংসদ ভবনে আসবেন না। তিনি বুঝতে পেরেছিলেন তার প্রয়োজন ফুরিয়েছে। আবার বেশ কিছু রাজনৈতিক নেতারা আদবানিকে প্রধানমন্ত্রী করা কথা ভাবতে শুরু করে দিয়েছিলেন। তারা বলতে শুরু করে ছিলেন যে আদবানি প্রবীণ রাজনীতিবিদ। তাঁকে ভারতের প্রধানমন্ত্রী করা উচিত। কিন্তু বিজেপি দলের সভাপতি রাজনাথ সিং সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন যে নরেন্দ্রনাথ মোদিকে প্রধানমন্ত্রীর মুখ করে বিজেপি দল নির্বাচনে লড়াই করবে। গুজরাতে মোদি নাম করতে শুরু করে দিয়েছিল। তার হাত ধরে গুজরাতে উজ্জী লাভ করতে শুরু করে। ভারতের রাজনৈতিক লাভ হব যদি মোদিকে প্রধানমন্ত্রী করা হয়। তার ফলে মোদি ভারতের প্রধানমন্ত্রী হতে পেরেছিলেন। আদবানি ক্রমশ রাজনীতির পর্দার আড়ালে চলে গেলেন। তিনি একন আর রাজনীতির অঙ্গনে নেই। তিনি আর দর্শকদের সঙ্গে মোলামেশা করেন না। ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ী এক সময়ে রাজনীতি থেকে অবসর গ্রহণ করেছিলেন। কিন্তু পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী জ্যোতি বসুও রাজনীতি থেকে অবসর গ্রহণ করেন। রাজনীতিতে তরুণদের এগিয়ে আসা উচিত বলে মনে করতে শুরু করে দিয়েছেন রাজনৈতিক পর্যবেক্ষকেরা।

ভারতের জাতীয় রাজনীতি

কিন্তু একটি সময়ে ভারতের রাজনীতিতে অংশ গ্রহণ করেছিলেন বাংলার পণ্ডিত সমাজ। শিক্ষিত তরুণ সম্প্রদায়। তাদের আত্মত্যাগের কথা একন সবাই ভুলতে শুরু করে দিয়েছে। তখন ভারত ছিল পরাধীন। ভারতকে স্বাধীন করতে জাতীয়

সম্পাদকীয় ২

রাজনীতিতে অংশ গ্রহণ করেছিলেন সুভাষচন্দ্র বোস, মহাত্মা গান্ধি, রবীন্দ্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, উমেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়, দেশবন্ধু চিত্তরঞ্জন দাস সহও আরও অনেকে। তাঁরা ভারতের জাতীয় রাজনীতিতে অংশ গ্রহণ করে স্বাধীনতার কথা বলতে শুরু করে। বিপ্লবী অরবিন্দ জাতীয় শিক্ষক হিসাবে অংশ গ্রহণ করতে বেশি করে পছন্দ করতে শুরু করেছিলেন। আবার তিনি বাংলার বিপ্লবী আন্দোলনের অবিচ্ছেদ্য নেতা ছিলেন। তিনি একাই দেশকে স্বাধীন করার জন্য প্রথম ইংরেজদের বিরুদ্ধে অস্ত্র ধরেছিলেন। বাংলার এই সব তরুণ কৃতি সম্ভ্রনালা দেশের জন্য আত্মত্যাগ করেছিলেন। সেই আত্মত্যাগ এখন আর নেই। এখন নেতা মানোই আর্থিক সুবিধার রাস্তা তৈরি করে। সাংসদ থাকতে পারলে জীবনে আর অর্থের জন্য চিন্তা করতে হবে না। এদিকে পাঞ্জাব সরকার বিধায়কদের জন্য টিকিট ঢাকা দেওয়ার কথা চালু করে দিয়েছে। বিধায়কদের যে চিন্তা দেওয়ার কথা আছে তার চেয়ে কম দিতে শুরু করে দিয়েছে পাঞ্জাব সরকার। জানতে পারা গিয়েছে যে জনগণের টাকা কিন্তু বেশি করে দেওয়া যাবে না। অতি সাধারণ একটি টাকা দেওয়ার কথা ভাবতে শুরু করে দিয়েছে পাঞ্জাব সরকার। বিধায়ক সাংসদেরা এসেছেন দেশের সেবা করতে। জনগণের সেবা করতে। তারা বিধায়ক হয়ে কেন এত সুবিদা গ্রহণ করবে? তাদেরকে জনগণের মধ্যে থাকতে হবে। দেশে অধিকাংশ মানুষ গরিব। সেই গরিব দেশের বিধায়করা এবং সাংসদেরা গুচ্ছ গুচ্ছ টাকা নিয়ে প্লেনে বিনা পয়সায় চলাফেরা করবে তা হতে দেওয়া যাবে না। এই নিয়ে প্রশ্ন উঠতে শুরু করে দিয়েছিল। কিন্তু তাকে বাস্তবে রূপ দেওয়া সম্ভব হয়নি। তবে সংসদে খাবার ক্যান্টিনে অল্প মূল্যের খাবার দেওয়াটা বন্ধ করে দেওয়া হয়েছে।



ঠাকুর রামকৃষ্ণ কথামৃত

মানব ধর্মের একটি স্বচ্ছ অবস্থান রয়েছে। এটা যিনি গ্রহণ করতে পারেন তিনি মহান হতে পারেন। তাঁর নাম পরলোকের পরও মানুষ স্মরণে রাখবে। আর সোঁটা যারা করতে পারেন না তারা কিন্তু পরলোক প্রাপ্তির সঙ্গে সঙ্গে তাকে ভুলে যেতে থাকে। এটাই নিয়ম। তুমি যেটা আজকে দেখাবে সেটা তোমাকেই ফল ভোগ করে যেতে হবে। এর থেকে রেহাই পাওয়ার আর কোনও পথ খোলা নেই। সেই কারণে মানব সেবায় নিজেকে রতী হতে হবে। মহান কাজে নিজেকে আত্মনিয়োগ করতে হবে। সৃষ্টি করার প্রেরণা তৈরি করতে হবে। জগতিক শক্তি সেই মাতৃশক্তি থেকে উদ্ভাসিত। মাকে প্রমাণ করতে হবে দেবী রূপে। তাঁকে দেবীর ওপরে মনের মধ্যে স্থান দিতে হবে। মানুষের মনটা হচ্ছে আসল মন্দির।

পশ্চিমী শক্তি থেকে আত্মরক্ষায় ভারতকে পাশে চাইছে বাংলাদেশ

রবীন্দ্র কুমার শীল

ভারতকে পাশে চাইছে বাংলাদেশ। পশ্চিমী শক্তি বারবার বাংলাদেশের ওপরে চাপ সৃষ্টি করতে শুরু করে দিয়েছে। তার হাত থেকে রেহাই পেতে এখন বাংলাদেশ সরকার ভারত সরকারকে পাশে রাখতে চায়। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা জি-২০ শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন। তাঁর সফরের আগেই নয়াদিল্লির চাহিতা তালিকার সব কিছু দিয়ে দেওয়া হয়েছে বলে ঢাকা বলছে। তবে এখনও কিছু বাকি রয়েছে। তবে সেই সব গুলি একেবারে অতি সামান্য বিষয়। দ্বিপাক্ষিক আলোচনা মধ্যে দিয়ে তার সমাধান করা হবে। বাংলাদেশের চট্টগ্রামের মাংলা বন্দর ব্যবহার করার ব্যাপারে ভারতকে সবুজ সঙ্কেত দিয়েছে বাংলাদেশ সরকার। এখন ভারত চট্টগ্রামের এই বন্দর ব্যবহার করতে পারে। ভারত সরকার এই বন্দর ব্যবহার করে ব্যাবসায়িক সম্পর্ক বৃদ্ধি করতে চায়। এদিকে বাংলাদেশের নির্বাচন সামনে আসতে শুরু করে দিয়েছে। আওয়ামি লিগের বিরোধী পক্ষ এবারে হাসিনাকে গদিচ্যুত করা দিকে বেশি করে নজর দেওয়া শুরু করেছে। বাংলাদেশের মৌলবাদী শক্তির সঙ্গে বিরোধীরা হাত মিলিয়ে শেখ হাসিনাকে পরাস্ত করতে চাইছে। এই পরিস্থিতিতে বাংলাদেশের সরকার নেত্রী শেখ হাসিনা ভারত সরকারকে পাশে রাখার সিদ্ধান্ত গ্রহণ

করেছে। কূটনৈতিকভাবে বাংলাদেশের পাশে থাকুক ভারত সেটাই চাইছেন শেখ হাসিনা। বাংলাদেশের নির্বাচন যত এগিয়ে আসতে শুরু করে দিয়েছে ততই বাংলাদেশের নিযুক্ত আমেরিকার রাষ্ট্রদূত পিটার হার্নের নাকগলানো কথা প্রকাশ্যে উপস্থিত হতে শুরু করেছে। তিনি নাকি বাংলাদেশের নির্বাচনের ব্যাপারে অযথা নাক গলাতে শুরু করে দিয়েছেন সেই অভিযোগও উঠতে শুরু করেছে। মানবাধিকার প্রশ্নকে ঘিরে বাংলাদেশের ওপরে চাপ আসতে শুরু করে দিয়েছে পশ্চিমী শক্তির কাছ থেকে। গত কয়েক

মাস ধরে জাপন, ব্রিটেন, ইউরোপীয় ইউনিয়ন গতবারের বাংলাদেশের নির্বাচনের প্রসঙ্গ তুলে খোঁচা দিতে শুরু করে দিয়েছে। তারা মনে করছে বাংলাদেশের গণতান্ত্রিক নির্বাচন একটি প্রহসন মাত্র। বিরোধীদের কঠরোধ করে দেওয়ার চেষ্টা করছে বর্তমান সরকার। এই সব প্রশ্ন ওঠার ফলে বাংলাদেশ সরকার খুবই চাপে রয়েছে। তারা চাইছে যে ভারত তাদের পাশে থাকুক। বাংলাদেশের বন্ধু হচ্ছে ভারত। সেই ভারত এবার বন্ধু রাষ্ট্রের হয়ে কথা বলুক



এবং বিরোধী রাষ্ট্রগুলির বক্তব্যকে খণ্ডন করুক। বাংলাদেশ মনে করছে দক্ষিণ এশিয়ার কর্তৃত্ব ভারত সরকারের হাতে। তাই পশ্চিমী শক্তির কাছে ভারতের একটি গুরুত্ব রয়েছে। বাংলাদেশ সরকার যুক্তি দিয়ে বুঝিয়েছে যে রাতারাতি কোনও মানবাধিকার ক্ষেত্রে আদর্শ হয়ে ওঠা যায় না। এখন বাংলাদেশ সরকার খাদ্য, বস্ত্র এবং বাসস্থান দেওয়ার দিকে বেশি করে নজর রাখতে শুরু করেছে। কিন্তু এর মধ্যেই পশ্চিমী শক্তির চাপ আসতে শুরু করে দিয়েছে। তার ফলে বাংলাদেশের মৌলবাদী শক্তিগুলি মাথা চাড়া দিয়ে

নববর্ষ পালন করা সম্ভব হয়েছে। বাংলাদেশের একটি জাতীয় উৎসব হচ্ছে নববর্ষ উৎসব। এই উৎসবকে বানচাল করে দেওয়ার জন্য মৌলবাদী শক্তির তৎপর হয়ে উঠতে শুরু করে দিয়েছিল। গত কয়েক বছর আগে রমনার বটমূলে বোমা বিস্ফোরণ হয়। তাতে হতাহতের সংখ্যা ছিল। তার ফলে নববর্ষ উৎসব পালন করাটা একটি আতঙ্ক তৈরি করতে শুরু করে দিয়েছিল। আওয়ামি লিগ সরকার কঠোর সিদ্ধান্ত গ্রহণ করে এবারে নববর্ষ উৎসবকে সফল করতে পেরেছে। বাংলাদেশের দুর্গাপূজার ওপরে কোনও

শক্তির। অতীতে বাংলাদেশের চট্টগ্রামে বহু বৌদ্ধ মন্দিরে প্রবেশ করে মৌলবাদী শক্তির তাণ্ডব নৃত্য করতে শুরু করে দিয়েছিল। তার ফলে বেশ কিছু বৌদ্ধ মন্দির ধ্বংস হয়। বাংলাদেশ সরকার পরে সেই সব বৌদ্ধ মন্দিরকে সংস্কার করেছিল। নতুন করে বৌদ্ধ মন্দির করে দেওয়া হয়েছিল। কিন্তু সেই সব উদাহরণ তুলে বাংলাদেশের ওপরে আন্তর্জাতিক চাপ তৈরি করার চেষ্টা করছে জাপান, ব্রিটেন এবং ইউরোপীয় ইউনিয়ন। বাংলাদেশের সঙ্গে ভারতের বহু বিষয় নিয়ে কথা হবে। তার মধ্যে সবচেয়ে

গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে সীমান্ত হত্যা বন্ধ করা। সীমান্ত হত্যা আগে বেশ ক্রমশ বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছিল। বাংলাদেশ সরকার এবং ভারত সরকার উভয় এ ব্যাপারে কঠোর দেওয়ার ফলে কিছুটা কমতে শুরু করেছে। কিন্তু এখনও তা রয়েছে। সীমান্ত হত্যার মূল কারণ হচ্ছে চোরাকারবারি। চোরা কারবারি বন্ধ করতেই হবে বলে সিদ্ধান্ত গ্রহণ করেছে ভারত বাংলাদেশ। তার মধ্যে গোর পাচার রয়েছে। জানতে পারা গিয়েছে বাংলাদেশের সীমান্ত দিয়ে মানব পাচার করা থাকে। সেই সব মানব পাচারের মধ্যে থাকে মহিলা এবং শিশু। এই সব মহিলা এবং শিশুরা কোথায় যায় তা নিয়ে ইন্টারপোল অনুসন্ধান করছে বলে জানতে পারা গিয়েছে। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগে ভারত সফরের সময়ে বলেছিলেন বাংলাদেশে ভারত থেকে বাংলাদেশে কোনও গোর আসে না। কিন্তু সিবিআই গোর পাচার তদন্ত করে জানতে পেরেছে যে সীমান্ত দিয়ে বহু গোর রোজ পাচার হতো বাংলাদেশ। বিশেষ করে বখরি ঈদের সময়ে। তা ছাড়া রোজই ভারত বাংলাদেশের সীমান্ত দিয়ে গোর পাচার হয়ে থাকে চোখের আড়ালে। সিবিআই তদন্ত করে জানতে পেরেছে গোর পাচার করার ক্ষেত্রে বহু বাংলাদেশের এজেন্ট রয়েছে। তাদের হাত ধরেই বাংলাদেশে গোর পাচার হয়ে থাকে। কোটি কোটি টাকার খেলা হয়। আবার বাংলাদেশ থেকে কৃষি পণ্য এসে উপস্থিত হয়। চাল, ডাল থেকে শুরু করে বিভিন্ন বৈদেশিক পণ্য এসে থাকে। ভারতের বৈদ্যুতিন যন্ত্রপাতিও বাংলাদেশে পাচার করা হয়। একটি আন্তর্জাতিক চক্র এখানে কাজ করতে শুরু করে দিয়েছে। এর সঙ্গে জড়িত রয়েছে ভারত বাংলাদেশের বহু রাজনৈতিক নেতারা। এবারে ভারতের তদন্তকারী সংস্থা ইডি এবং সিবিআই গোর পাচার নিয়ে অনুব্রত মণ্ডলকে গ্রেফতার করেছে। তিনি এখন দিল্লিতে তিহার জেলে রয়েছেন। গোর পাচার নিয়ে মামলা চলছে। চার্জশিটও জমা পড়েছে।

তিস্তা চুক্তিকে বাস্তবায়িক করতে চান হাসিনা

বিশেষ প্রতিনিধি

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এখন তিস্তা জলের ওপরে বেশি করে নজর দিতে শুরু করে দিয়েছেন। তিস্তা জল যাতে বাংলাদেশ পেতে পারে তার দিকে নজর রাখতে শুরু করেছেন। তিস্তার নব্যতা বৃদ্ধি করার কথা বলতে শুরু করেছে বাংলাদেশ। বাংলাদেশের নদীগুলিতে জলবন্দন যাতে সূহৃভাবে হতে পারে তা নিয়ে কথা বলবেন ভারতের প্রথমন্ত্রী মোদির সঙ্গে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিস্তা চুক্তিকে বাস্তবে পরিণত করার ব্যাপারে দ্বিমত প্রকাশ করতে শুরু করে দিয়েছেন। তিনি পরিস্কার করে বলে দিয়েছেন যে পশ্চিমবঙ্গকে বঞ্চিত করে বাংলাদেশের সঙ্গে তিস্তা চুক্তি করা একেবারে অসম্ভব। এদিকে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা তিস্তা চুক্তিকে রাজনৈতিক ইস্যু করতে চাইছেন। কিন্তু তা করতে পারছেন না পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী নারাজ

হওয়ার ফলে। তবুও প্রধানমন্ত্রী মোদির সঙ্গে তিস্তা চুক্তিকে বাস্তবায়িত করা কথা বলবেন শেখ হাসিনা। তিনি বলেছেন বাংলাদেশ সরকার তিস্তা চুক্তিকে বাস্তবায়িত করতে ধীর প্রতিজ্ঞা। আজ না হোক আগামী কাল তিস্তা চুক্তি বাস্তবে পরিণত হবে। তিস্তায় দুটি খাল খনন করেছে পশ্চিমবঙ্গ সরকার। সেখানে বলা হয়েছে পশ্চিমবঙ্গে কৃষকেরা যাতে তিস্তার জল পেতে পারে তার দিকে নজর রেখেই এই খাল তৈরি করা হয়েছে। যৌথ নদী কমিশনের সদস্য মহম্মদ আবুল হোসেন তিস্তার খাল খনন নিয়ে চিঠি পাঠিয়ে ছিলেন। কিন্তু তার কোন জবাব আসেনি। বাংলাদেশের তরফ থেকে বলা হয়েছে যে নদী কমিশনের বৈঠক ঘনঘন হওয়া উচিত। সীমান্তে হত্যা বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছে। তার একটি মাত্র কারণ বাংলাদেশ মনে করে যে ভারতের বিএসএফ অতিরিক্ত শক্তি প্রয়োগ করেছে। দুই দেশের সীমান্তবর্তী এলাকা ঘন বসতিপূর্ণ। উভয় দেশের মানুষ নদী ভাঙনের ফলে খেত খামার হারিয়েছে। তারা সীমান্ত এলাকায় গোর এবং পণ্য

পাচার করে সংসার চালায়। ঢাকা দাবি করতে শুরু করতে শুরু করেছে যে যদি কেউ সীমান্ত পার হয়ে ধরা পড়ে তাহলে তার বিচার করা উচিত। কিন্তু বহু ক্ষেত্রে দেখতে পাওয়া যাচ্ছে যে সীমান্ত পার হতে যাওয়ার সময়ে বিএসএফ সেনাদের দ্বারা নিহত হচ্ছে। অপরাধ করলে তার শাস্তি হবে। হত্যা কেন করা হবে। অপরাধীদের ধরে তার বিচার করা উচিত। সীমান্ত এলাকার অপরাধীরা খালি হাতে থাকে না। তাদের হাতেও আগ্নেয়াস্ত্র থাকে বলে দাবি করেছেন বিএসএফের কর্তারা। তারা বলেছেন, বিএসএফ জওয়ানরা আত্মরক্ষার জন্য গুলি ছুঁতে বাধ্য হয়। তখন সীমান্ত এলাকায় পাচার হতে থাকে গোপনে তখন বিএসএফ সেনারা সক্রিয় হয়ে উঠে। প্রথম দিকে অপরাধীদের আত্মসমর্পণ করতে বলা হয়। কিন্তু দেখতে পাওয়া গিয়েছে যে সীমান্ত অপরাধীরা বিএসএফের কথাকে অগ্রাহ্য করে তাদের দিকে তাক করে গুলি বর্ষন করতে শুরু করে। তার ফলে আত্মরক্ষার জন্য বাধ্য হয়ে বিএসএফ গুলি চালায়।

এই নিয়ে বাংলাদেশের সীমান্ত রক্ষা বাহিনীর সঙ্গে বহু আলোচনা হয়েছে। কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। ক্রমশ দেখতে পাওয়া গিয়েছে যে বাংলাদেশের সীমান্ত অপরাধীরা আরও বেশি সক্রিয় হতে শুরু করে দিয়েছিল। সীমান্ত এলাকায় শাস্তিপূর্ণ বজার রাখতে ভারত বাংলাদেশে উভয়ই আগ্রহী। কিন্তু রাতের অন্ধকারে যেভাবে পাচার করছে সীমান্ত অপরাধীরা তাতে সীমান্ত রক্ষী বাহিনী শান্ত হয়ে বসে থাকতে পারে না। তার ফলে সীমান্ত উত্তেজনা ক্রমশ বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছে। বাংলাদেশ এখন ভারতের পক্ষ থেকে তোলা সমস্যার সমাধান করতে শুরু করে দিয়েছে। আবার বাংলাদেশের পক্ষ থেকে তোলা সমস্যার সমাধান করতে আগ্রহী হয়েছে ভারত। তার ফলে ভারত বাংলাদেশ খুবই পাশাপাশি এসে উপস্থিত হয়েছে। আন্তর্জাতিক কূটনীতিতে ভারতের পাশে রয়েছে বাংলাদেশ তার প্রমাণ দেখতে পাওয়া গিয়েছে। এবারে বাংলাদেশ সরকার ভারতকে পাশে চাইছে পশ্চিমী চাপকে রুক্ষতে।

‘বিশ্বভারতী’ ইউনেস্কোর দ্বারা বিশ্ব ঐতিহ্যের অধিকারি

বিশেষ প্রতিনিধি

‘বিশ্ব ভারতী’ ইউনেস্কোর দ্বারা বিশ্ব ঐতিহ্যের অধিকারীর পথে সেই খবরটা প্রকাশ করেছিলেন বিশ্বভারতীর উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তী সমাবর্তনের অনুষ্ঠানে। এবারে তা পূরণ হওয়ার পথ ধরে এগিয়ে চলতে শুরু করে দিয়েছে। ভারতের সংস্কৃতি মন্ত্রক বিশ্বভারতীয় ঐতিহ্যকে ইউনেস্কোর সামনে মেলে ধরতে তৎপর হয়েছিল। এক যুগ পরে সেই স্বপ্ন সফল হতে শুরু করে দিয়েছে। ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যে (ওয়ার্ল্ড হেরিটেজ সাইট) এবারে শান্তিনিকেতন স্থান পেতে শুরু করে দিয়েছে। আগামী সেপ্টেম্বর মাসে সৌদি আরবে রোমায় বিশ্ব ঐতিহ্য কমিটির সভায় শান্তিনিকেতনের স্বীকৃতি ঘোষণা করা হবে বলে কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী জি কিষান রেড্ডি জানান। শান্তিনিকেতনের যন্ত্র এবং ব্যাতির করার বিষয়ে মহাত্মা গান্ধিকে একটি চিঠিও লিখেছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর।

১৯০১ সালে স্কুল করে ১৯২১ সালে বিশ্বভারতী প্রতিষ্ঠা লাভ করেন। ১৯৫১ সালে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি লাভ করে। এই ঘোষণায় রবীন্দ্র প্রেমীরা খুশি। তারা বলতে শুরু করেছেন যে বহুদিন ধরে এই দিনটির জন্য অপেক্ষা করেছিল। এবারে তা বাস্তবে পরিণত হতে শুরু করে দিয়েছে। শান্তিনিকেতন হল রবীন্দ্রনাথের স্বপ্নের জগত। প্রমাণ হয়ে গিয়েছে যে রবীন্দ্রনাথের আদর্শ কখনই অসার হতে পারে না। রবীন্দ্রনাথ এখনও প্রাসঙ্গিক। শান্তিনিকেতন হল রবীন্দ্রনাথের সৌন্দর্যচেনা ও বিশ্ববোধের ইতিহাস। শান্তিনিকেতনের সুনাম আজকে আন্তর্জাতিক দ্বারপ্রাঙ্গে উপস্থিত। বিদেশ থেকে বহু ছাত্ররা এখানে পড়তে আসে। তারা ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি জানতে এই বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের ছাত্র হিসাবে পড়াশুনা করেন। ২৫ বৈশাখ ছিল রবীন্দ্রনাথের জন্মদিন। সেদিনটা ছিল মঙ্গলবার। সেই দিনই ইউনেস্কোর ওয়ার্ল্ড হেরিটেজ সেন্টারের উপদেষ্টা


সংস্থা আইকোমস (ইন্টারন্যাশনাল কাউন্সিল অব মনুমেন্টস অ্যান্ড সাইটস) তরফ থেকে শান্তিনিকেতনের নাম সুপারিশ করে হয়েছিল। কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক এবং দেশের পুরাতত্ত্ব সর্বক্ষেত্রের হয়ে শান্তিনিকেতনের জন্য সংরক্ষণ ঐতিহ্য দাবিপত্রটি প্রস্তুত করেছিলেন আভা নারায়ণ লাল্লাহ এবং মনীশ চক্রবর্তী। মনীশ চক্রবর্তী বলেছেন, আইকোমসের পরীক্ষায় পাশ করে যাওয়ার ফলে শান্তিনিকেতনের বিশ্ব ঐতিহ্যের স্বীকৃতি লাভ মোটামুটি নিশ্চিত। বিশ্ব ঐতিহ্যের তালিকা সুন্দরবন এবং দার্জিলিংয়ের ট্রয় ট্রেনের নাম উঠে এসেছিল। বাংলার দুর্গাপূজাও ইউনেস্কো ঐতিহ্যের স্বীকৃতি দিয়েছে। এবারে শান্তিনিকেতনের সঙ্গে নেওড়াভ্যালি জাতীয় পার্ক এবং বিপুরের মন্দির দীর্ঘদিন ধরে টেনেটেনি (শর্ত সাপেক্ষ) তালিকায় রয়েছে। এই বিশ্বভারতীর ছাত্ররা আজকে বিশ্বে বিভিন্ন সংস্কৃতি ক্ষেত্রে কাজ করে চলেছে। প্রাচ্য বিদ্যা নিয়ে চর্চা করতে শুরু করে দিয়েছে এই

বিশ্বভারতীর ছাত্ররা। তার ফলে প্রাচ্য সভ্যতা এবং সংস্কৃতির মুখ উজ্জ্বল হতে শুরু করেছে। শান্তিনিকেতনের শিক্ষা গ্রহণ পদ্ধতি উপনিবেশিক ধ্যান ধারণা দিয়ে তৈরি হয়নি। একেবারে ভারতীয় আশ্রমিক শিক্ষা পদ্ধতি গ্রহণ করতাই এই বিশ্ববিদ্যালয়ের পাঠন পাঠন শুরু হয়েছিল। ভারতীয় সভ্যতা এবং সংস্কৃতি শিক্ষা প্রদান করার পাশাপাশি বৈদেশিক সভ্যতা এবং সংস্কৃতি চর্চাও ওখানে হয়ে থাকে। প্রাচ্যের আধুনিক কালের হাত ধরে রবীন্দ্রনাথ এখানে চর্চা কেন্দ্র শুরু করে দিয়েছিলেন। রবীন্দ্রনাথের ভাবনা এবং সাহিত্যের ছাড়া এই বিশ্বভারতীর প্রান্তে উপস্থিত। প্রবীণ আশ্রমিকেরা আজকে সবাই খুশি। তারা বলতে শুরু করে দিয়েছেন বহুকাল বাদে তাদের স্বপ্ন দেখা স্বার্থক হল। বিশ্বভারতীয় তার সম্মান রাখতে পারবে বলে বিশ্বাস করেন বর্তমান উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তী। তিনি বলেছেন, বিশ্বভারতী হচ্ছে একটি শিক্ষা কেন্দ্র। এই শিক্ষা কেন্দ্র নিয়ে রাজনীতি করা উচিত নয়।

হেরিটেজ কলকাতায় ‘লাস্ট সাপার’

প্রভু যিশুর শেষ ভোজন নিয়ে সারা বিশ্বে দুটো মাত্র ছবি রয়েছে। একটি ছবি রয়েছে ইতালির রোমো। আর একটি ছবি রয়েছে কলকাতাতে। সবাই অবাক হয়ে যাবেন যে কলকাতার প্রাচীন চার্চ সেন্ট জোন্স চার্চে রয়েছে প্রভু যিশুর শেষ ভোজন ছবিটি। যার নাম ‘লাস্ট সাপার’। ইতালিতে লাস্ট সাপার ছবিটির প্রথম একেছিলে লিওনার্দো দ্য ভিঞ্চি। সেটা রোমের পোপের চার্চে রয়েছে। আগে ধর্ম সমাজকে নিয়ন্ত্রণ করতো।

লিওনার্দো দ্য ভিঞ্চি ‘লাস্ট সাপার’ ছবিটি এতো বিখ্যাত হয়েছিল যে তাঁর ছবিকে সামনে রেখে কলকাতার একজন ইউরোপীয় শিল্পী অনুরূপ একটি ছবি এঁকে ফেলেন। সেই শিল্পীর নাম হচ্ছে জোহান জোফানি। শিল্পী এই ছবিটি একেছিলেন ১৮৮৭ সালে। লিওনার্দো দ্য ভিঞ্চির ছবির মধ্যে রোমের সভ্যতার নিদর্শন দেখতে পাওয়া



যায়। আর জোফানির ছবির মধ্যে ভারতীয় সমাজের নিদর্শন পাওয়া যায়। লাস্ট সাপার ছবি দুটোই কিন্তু নবজাগরণের যুগের ছবি। ইতালিতে নবজাগরণ শুরু ছবি লিওনার্দো দ্য ভিঞ্চি ‘লাস্ট সাপার’ ছবিটি একেছিলেন। তারপরে বাংলায় নবজাগরণ শুরু হলে জোফানি একে ফেললেন ‘লাস্ট সাপার’। রোমের মধ্যে যে সব ছবি বা শিল্প নিদর্শন

রয়েছে তা ইতালির নবজাগরণের ফসল। ঠিক তেমনি বাংলায় অধিকাংশ ছবি এবং সাহিত্য হচ্ছে বাংলার নবজাগরণের ফসল। ব্রিটিশ যুগে বহু ইউরোপীয় শিল্পীরা ভারতে এসেছিলেন। বিশেষ করে কলকাতায়। তখন কলকাতা ছিল ভারতের রাজধানী। ইউরোপের কাছে কলকাতার মর্যাদা ছিল অন্য রকম। কলকাতাতে তখন ইউরোপ দ্বিতীয় ইংল্যান্ড বলে মনে করতো। সেই ঐতিহ্য কলকাতা এখন হারিয়ে ফেলেছে।

টলি-বলির টুকরো খবর

ঋত্বিক-শ্রাবত্তীর ‘রবীন্দ্র কাব্য রহস্য’র পোস্টারে চমক



রহস্য গল্পে জুটি বাঁধছেন ঋত্বিক চক্রবর্তী ও শ্রাবতী চট্টোপাধ্যায়। সায়ন্তন ঘোষালের পরিচালনায়, ‘রবীন্দ্র কাব্য রহস্য’ সিনেমায় দেখা যাবে দু’জনকে। প্রকাশ্যে ফার্স্টলুক পোস্টার। এক রবীন্দ্র ভক্ত কবি আর তার প্রতিশোধের গল্প, এই কা্যপন দিয়েই ফার্স্টলুক পোস্টারটি শেয়ার করেছেন ঋত্বিক চক্রবর্তী। যাতে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ছোট ছবির সামনে

কী কারণে না থেয়েই রাত কাটিয়েছেন মনোজ?

মনোজ বাজপেয়ী, যার জীবনে স্ট্রান্গেল কম নয়। একের পর এক ঝড় বয়ে গিয়েছে ছোট থেকেই। অভিনেতা হওয়ার স্বপ্ন দেখলেও কঠিন পরিস্থিতিতে তা যে তিনি বাস্তবে রূপান্তর করতে পারবেন, নিজেও ভাবতে পারেননি। তবে বর্তমানে সেই সূচারই দাপটের সঙ্গে অভিনয় করে চলেছেন। তাঁর প্রথম ছবি ‘সত্যা’য় গ্যাংস্টার চরিত্রে অভিনয় করে দর্শকদের মনে একটা জায়গা তৈরি করে নিয়েছিলেন রাতারাতি। কিন্তু তারপর তাঁর জীবনে নেমে এসেছিল অন্ধকার। কাজ পাচ্ছিলেন না। কারণ একটাই, তাঁর পছন্দসই চরিত্রের অভাব। সবরকম চরিত্রে অভিনয় করতে একেবারেই স্বাচ্ছন্দ্যবোধ করতেন না মনোজ। ফলে কাজও পেতেন



না। খুব স্বাভাবিকভাবেই মানসিক ভাবে ডেডে পড়ছিলেন। সদ্য সাফল্যের স্বাদ পাওয়া অভিনেতার কাছে কাজ না থাকলে যেমনটা হয় আর কী। কেরিয়ারের শুকুটা মোটেও সুখকর ছিল না তাঁরা। কাজ কেউই দিতে চাইত না। পথনাটক করে নিজের অভিনয় সম্বন্ধে যাঁিয়ে রাখার চেষ্টা


চলিয়ে গিয়েছেন অভিনেতা। যদিও লাভের লাভ কিছুই হচ্ছিল না, অর্থের কষ্ট থেকেই গিয়েছিল। তবে অর্থের কষ্টে না খেয়ে রাতের পর রাত কাটিয়েছেন তিনি এমনটা নয়। মনোজ বাজপেয়ী নিজের দাদুকে ভীষণ অনুসরণ করতেন। দাদু শরীর ফিট রাখতে ঠিক যা যা করতেন, নিজেও সেইভাবেই সূস্থ রাখার চেষ্টা করতেন মনোজ। তাঁর দাদু রাতে খেতেন না কিছু। সেই থেকেই ভিনার বন্ধ করার চেষ্টা করতেন তিনি। ১২-১৪ ঘণ্টা উপোস করে থাকার চেষ্টা করতেন দাদুর মতোই। প্রথমটায় কষ্ট হলেও তাৎপর্য তা ভাঙসে পরিণত হয়ে যায় তাঁরা। আর এই নিয়ম মেনে তিনি বেশ সুস্থই রয়েছেন।



বৃথবার কলকাতার স্যায়ন্স সিটি অডিটোরিয়ামে পূর্ণ দৈর্ঘ্য ছবি ‘লুমিনারিস অফ বেঙ্গল’, প্রদর্শনী ‘বার্খ অফ অ্যান আর্টিস্ট দ্য আর্লি ইয়ারস অব অবনীন্দ্রনাথ ঠাকুর’, লাইট অ্যান্ড সাউন্ড শো ‘‘কলকাতাঃ সিটি অফ জয়’’ প্রদর্শিত হয় ভিক্টোরিয়া মেমোরিয়াল হলে। এগুলির উদ্বোধন করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং সহযোগিতা মন্ত্রী শ্রী অমিত শাহ। ভারতীয় নৃতাত্ত্বিক পর্যবেক্ষণ কমপ্লেক্স-এর অফিস বিল্ডিং উদ্বোধন এবং জাতীয় গ্রন্থাগারের ‘রিডার্স হোস্টেল কাম গেস্ট হাউস’’ জাতির প্রতি উৎসর্গ করা হয়। এছাড়াও উপস্থিত ছিলেন মাননীয় সংস্কৃতি ও সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী শ্রী অর্জুন রাম মেঘওয়াল, পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ কলকাতা স্যায়ন্স সিটির বিভিন্ন আধিকারিকরা।-নিজস্ব চিত্র।

ইমরানকে মুক্তির দাবিতে বোমা পড়ল পাক প্রধানমন্ত্রীর বাড়িতে জ্বলল গাড়ি

ইসলামাবাদ, ১১ মে : পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী ও পিটিআই প্রধান ইমরানের খানের গ্রেফতারির ঘটনায় অশান্ত হয়ে উঠেছে পাকিস্তান। সেই অশান্তির আঁচ গিয়ে পৌঁছাল পাক প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের বাসভবনেও। ইমরানের মুক্তির দাবিতে বৃহস্পতিবার শাহবাজের লাহোরের বাড়িতে হামলা চালালেন পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) সমর্থকেরা। যদিও সেই সময় শহবাজ এবং তাঁর পরিবারের সদস্যরা বাড়িতে ছিলেন না। এদিকে, পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ দলের শীর্ষ নেতৃবৃন্দকে বৃথারাই সে দেশের নিরাপত্তাবাহিনী গ্রেফতার করেছে। পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের গ্রেফতারির একদিন পরেই সতর্কতামূলক পদক্ষেপে প্রাক্তন মন্ত্রীদের গ্রেফতার করা হয়। পাকিস্তানের প্রাক্তন বিশেষমন্ত্রী পররাষ্ট্রমন্ত্রী শাহ মেহমুদ কুরেশিকে ইসলামাবাদে গ্রেফতার করা হয়েছে। ইমরান খান গ্রেফতার হওয়ার পর নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে ও পর্যন্ত ৪৭ জন দলীয় কর্মীর মৃত্যু হয়েছে। গ্রেফতার ১ হাজারের বেশি পিটিআই কর্মী। দেশের বেশির ভাগ অংশেই শান্তিশৃঙ্খলা রক্ষায় সেনা নামানো হয়েছে।



ছিলেন না। এদিকে, পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ দলের শীর্ষ নেতৃবৃন্দকে বৃথারাই সে দেশের নিরাপত্তাবাহিনী গ্রেফতার করেছে। পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের গ্রেফতারির একদিন পরেই সতর্কতামূলক পদক্ষেপে প্রাক্তন মন্ত্রীদের গ্রেফতার করা হয়। পাকিস্তানের প্রাক্তন বিশেষমন্ত্রী পররাষ্ট্রমন্ত্রী শাহ মেহমুদ কুরেশিকে ইসলামাবাদে গ্রেফতার করা হয়েছে। ইমরান খান গ্রেফতার হওয়ার পর নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে ও পর্যন্ত ৪৭ জন দলীয় কর্মীর মৃত্যু হয়েছে। গ্রেফতার ১ হাজারের বেশি পিটিআই কর্মী। দেশের বেশির ভাগ অংশেই শান্তিশৃঙ্খলা রক্ষায় সেনা নামানো হয়েছে।

করোনায এত মৃত্যু হয়নি! কারণ নাকি অন্য, কৃত্রিম বুদ্ধিমত্তা সতিটা খুঁজে বের করল

দুরন্ত বার্তা, ১১ মে : করোনা অতি মহামারী ছারখার করে দিয়েছে বিশ্বেকে। লাখে লাখে মৃত্যু হয়েছে। করোনার সেকেন্ড ও থার্ড ওয়েভ রীতিমতো মৃত্যুর তাণ্ডব চালিয়েছে বিশ্বজুড়ে। এই দেশে করোনা সংক্রমণে মৃতের সংখ্যা এক সময় চিন্তার কারণ হয়ে উ ঠেছিল। শ্বশামেও তিল ধারণের জায়গা ছিল না। মারল করোনা নিয়ে এতদিন যা ধারণা ছিল তা এবার বারো দিতে চলেছে কৃত্রিম বুদ্ধিমত্তা । মেশিন লার্নিং পদ্ধতি নাকি বের করে ফেলেছে করোনা রোগীদের মৃত্যু হয়েছে অন্য কারণে। ভাইরাসের সংক্রমণে ফুসফুসে সংক্রমণ হয়েছে ঠিকই, কিন্তু অধিকাংশ মৃত্যুর কারণ করোনা নয়। নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটির ফেইনবার্গ স্কুল অব মেডিসিন এই দাবি করেছে। ‘ক্লিনিকাল ইনভেস্টিগেশন’ সায়ন্স জার্নালে এই নিয়ে প্রতিবেদনও ছাপা হয়েছে। বিজ্ঞানীদের দাবি,

কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগ করে অনেক অজানা তথ্য পাওয়া গেছে। কোভিডে মৃত্যুহার এত বেড়ে যাওয়ার কারণ খুঁজতে গিয়েই চমকে যান বিজ্ঞানীরা। মেশিন লার্নিংয়ের কম্পিউটার অ্যালগোরিদম নাকি সংক্রমণে মৃতের সংখ্যা এক সময় চিন্তার কারণ হয়ে উ ঠেছিল। শ্বশামেও তিল ধারণের জায়গা ছিল না। মারল করোনা নিয়ে এতদিন যা ধারণা ছিল তা এবার বারো দিতে চলেছে কৃত্রিম বুদ্ধিমত্তা । মেশিন লার্নিং পদ্ধতি নাকি বের করে ফেলেছে করোনা রোগীদের মৃত্যু হয়েছে অন্য কারণে। ভাইরাসের সংক্রমণে ফুসফুসে সংক্রমণ হয়েছে ঠিকই, কিন্তু অধিকাংশ মৃত্যুর কারণ করোনা নয়। নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটির ফেইনবার্গ স্কুল অব মেডিসিন এই দাবি করেছে। ‘ক্লিনিকাল ইনভেস্টিগেশন’ সায়ন্স জার্নালে এই নিয়ে প্রতিবেদনও ছাপা হয়েছে। বিজ্ঞানীদের দাবি,

সময়েই এক ধরনের ব্যাকটেরিয়ার সংক্রমণ হচ্ছিল রোগীদের শরীরে। এইসব ব্যাকটেরিয়া থেকেই নিউমোনিয়ায় আক্রান্ত হচ্ছিলেন রোগীরা। আর এই ব্যাকটেরিয়াল নিউমোনিয়াই হল কোভিড রোগীদের মৃত্যুর কারণ। কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগ করে জানা গেছে, করোনা হল প্রাইমারি ইনফেকশন। করোনায় ফুসফুস আক্রান্ত হয়েছে ঠিকই কিন্তু ভাইরাস মৃত্যু ঘটায়নি। বরং করোনা রোগীদের ভেন্টিলেটরে চিকিৎসার সময় ব্যাকটেরিয়ার সংক্রমণে ফুসফুস আরও বেহাল পড়েছিল। সেকেন্ডারি ইনফেকশন ব্যাকটেরিয়াল নিউমোনিয়ায় আক্রান্ত হয়েই বহু করোনা রোগীর মৃত্যু হয়েছে। নর্থওয়েস্টার্ন মেমোরিয়াল হাসপাতালে ৫৮৫ জন করোনা রোগীকে ভেন্টিলেটরে রেখে চিকিৎসার সময় বিজ্ঞানীরা দেখেছেন, তাঁদের শরীরে

সম্পর্কের সবচেয়ে বড় সমস্যা নিয়ে মুখ খুললেন রনবীর ঘরনি



দীপিকা পাডুকোন এবং রণবীর সিংহ বলি দুনিয়ার প্রথম সারির দম্পতি। তাঁদের ঘিরে অনুরাগীদের কৌতূহল থাকা স্বাভাবিক। সম্প্রতি, দু’জনের ‘বিচ্ছেদ’ নিয়েও জল্পনা হুড়িয়েছিল। কিন্তু তার পরেও দীপিকা এবং রণবীরকে একত্রে দেখা গিয়েছে নতুন প্রজন্মের দম্পতিদের সম্পর্ক এবং সুখী দাম্পত্য বজায় রাখতে কী কী

করা উচিত? টিপ্স দিলেন স্বয়ং দীপিকা। সম্প্রতি একটি আন্তর্জাতিক পত্রিকার প্রচ্ছদে জায়গা করে নিয়েছেন দীপিকা। সেখানে তাঁর ছবির পাশে জ্বলজ্বল করছে ‘দ্য গ্লোবাল স্টার’ তকমা। সেই পত্রিকার সাক্ষাৎকারেই নিজের কেরিয়ারের বিভিন্ন পর্যায় নিয়ে কথা বলেছেন রণবীর সিংহের ঘরনি। দাম্পত্য সমীকরণ নিয়ে তাঁকে প্রশ্ন করা হয়েছিল। ‘বাজিরাও মস্তানি’ ছবির অভিনেত্রী বলেন, “আমরা সিনেমা এবং আমাদের চারপাশের বিয়ে দেখে অনুপ্রাণিত হই। কিন্তু যত দ্রুত কেউ বুঝতে পারবেন যে তাঁদের সফরটা অন্য সকলের থেকে আলাদা, সেটা তাঁদের সম্পর্কের জন্য ততটাই মঙ্গলাি” এই প্রসঙ্গেই সম্পর্ক চিকিয়ে রাখতে দীপিকা তাঁর বক্তব্যে ‘ধৈর্য’র উপর জোর দেন। অভিনেত্রীর মতে, এই

প্রজন্মের মধ্যে ধৈর্য্য খুবই কমে গিয়েছে। সম্পর্ক চিকিয়ে রাখতে একাধিক বিষয় মাথায় রাখতে হয়। দীপিকার মতে, ধৈর্য্য বজায় রাখা সেখানে সবথেকে বেশি গুরুত্বপূর্ণ। এই প্রসঙ্গেই দীপিকা তাঁর সাম্প্রতিক ভূটান সফরের কথা উল্লেখ করেন। মজার বিষয়, ভূটানে সফরে দীপিকার ছবি সমাজমাধ্যমে হুড়িয়ে পড়লেও, দেখা যায়নি রণবীরকে। কিন্তু দীপিকা ওই সাক্ষাৎকারে স্বীকার করে নেন যে, রণবীর তাঁর সঙ্গেই ছিলেন। রণবীরের সঙ্গে ভূটানের একাধিক দ্রষ্টব্য স্থান ঘুরে দেখা এবং নানা খাবার চেষ্টে দেখার কথাও জানান অভিনেত্রী। দীপিকা বলেন, “এর সঙ্গে থাকলে আমি আমার বাতীয়ী হীনম্মন্যতা, দুর্বলতা, দুঃখ ভাগ করে নিতে পারি।” রণবীরকে নিয়ে দীপিকার এই বক্তব্যে অনুরাগীরাও বেশ খুশি।

শেষের পথে ‘মিঠাই’, উদ্বেগ ভক্তমহলে

বিগত বেশ কিছু দিন ধরেই শিরোনামে ‘মিঠাই’ ধারাবাহিকটি। এতদিন যে সেটে শুটিং করে এসেছে মোদক পরিবার, সেই সেটই সম্প্রতি ভাঙা পাচ্ছে। সেখানে শুরু হয়েছে, অন্য এক নতুন ধারাবাহিকের শুটিং। তবে এরই মধ্যে আরও এক খারাপ খবর। অসুস্থ ‘মিঠাই’র সঙ্গে সৌমিত্রা কুন্ডু। শুটিং সেরে তাড়াতড়ি ফিরতেও হয়েছে এই অসুস্থতার কারণেই কী হয়েছে তার? এক সাক্ষাৎকারে তাঁকে বলতে শোনা যায়, খুব পিঠে ব্যথা হয়েছে। তার মধ্যেই কষ্ট করে কাজ করে যাচ্ছিলাম। নতুন সেটে সেই যন্ত্রণা নিয়েই সিঁটি ভাঙতে হচ্ছে। তাই জন্য ব্যথা খানিকটা বেড়েছে। যত তাড়াতড়ি সম্ভব চিকিৎসকের কাছে যাব সেখানো। কিন্তু কেন হল এমনটা? জানা যাচ্ছে, ঘটনার পর ঘটনা দাঁড়িয়ে শুটিং করার জন্যই এমনটা হয়েছে। সৌমিত্রার এই খবর শোনার পর থেকেই চিন্তা বেড়েছে ভক্তমহলে। তিনি দ্রুত সুস্থ হয়ে উঠুন। এমনটাই চাইছেন তাঁরা। প্রসঙ্গত, শুধু যে মিঠাইয়ের সেট বদলাচ্ছে এমনটা কিন্তু নয়। শুটিংও শেষের পথে। তা নিয়ে ভক্তমহলে মেধ জমেছে। প্রিয় ধারাবাহিকে যেতে দিতে কেই বা চায়? ২০২১ সালে পথ চলা শুরু করৈছিল এই ধারাবাহিক।

প্রযুক্তিগত উন্নয়নের শীর্ষে দাঁড়িয়ে রয়েছে ভারত : প্রধানমন্ত্রী



নয়াদিল্লি, ১১ মে : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বৃহস্পতিবার জাতীয় প্রযুক্তি দিবস উপলক্ষে ৫৮ হাজার কোটি টাকার বেশী মূল্যের নানা প্রকল্প, জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেছেন। দিনটি উপলক্ষে নতুন দিল্লিতে একটি অনুষ্ঠানেরও সূচনা করেন তিনি। এবারের জাতীয় প্রযুক্তি দিবসে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে, ‘অটল উদ্ভাবন মিশন’-এর ওপর। প্রধানমন্ত্রী এদিন বলেছেন, ১১ মে দিনটি ভারতের ইতিহাসের অন্যতম গর্বের দিন। এই দিন ভারতের বিজ্ঞানীরা পোখরানে সেই কৃতিত্ব অর্জন করেছিলেন, যা ভারত মাতার প্রতিটি সন্তানের গর্ব বাড়িয়েছিল। প্রধানমন্ত্রী বলেছেন, ভারত প্রযুক্তিগত উন্নয়নের শীর্ষে দাঁড়িয়ে আছে। লিগো-ইন্ডিয়া, একটি মহাকাশীয় তরঙ্গ পর্যবেক্ষণ কেন্দ্রের ভিত্তিস্তর স্থাপন করা হয়েছে যা ভারতীয় ছাত্র এবং বিজ্ঞানীদের জন্য আধুনিক গবেষণার সুযোগের নতুন দরজা খুলে দেবে। যেদিন অটলজি ভারতের সফল



পারমাণবিক পরীক্ষার কথা ঘোষণা করেছিলেন সেই দিনটি আমি কখনও ভুলতে পারি না। পোখরান পারমাণবিক পরীক্ষার মাধ্যমে, ভারত কেবল নিজস্ব বৈজ্ঞানিক সক্ষমতাই প্রমাণ করেনি বরং ভারতের বৈশ্বিক মহাদিক একটি নতুন উচ্চতাও দিয়েছে। প্রধানমন্ত্রী বলেনছেন, আমরা ভারতের স্বাধীনতার অমৃত কালের মধ্যে প্রবেশ করছি, আমাদের সামনে

২০৪৭ সালের জন্য পরিস্কার লক্ষ্য রয়েছে! দেশকে উন্নত ও আত্মনির্ভর করতে হবে। ভারত প্রযুক্তিকে নিজস্ব আধিপত্য প্রতিষ্ঠার মাধ্যম হিসেবে বিবেচনা করে না, বরং দেশের অগ্রগতি বরাহিত করার একটি হাতিয়ার হিসেবে বিবেচনা করে। মোদী যোগ করেছেন, গত ৯ বছরে ভারতের তরুণ মনকে উদ্ভাবনের দিকে উদ্বুদ্ধ করার জন্য দেশে একটি শক্তিশালী ভিত্তি স্থাপন করা হয়েছে। কয়েক বছর আগে শুরু হওয়া স্মার্ট টিক্সারিং ল্যাবগুলি এখন দেশের উদ্ভাবনী নার্সারি হয়ে উঠছে।

ঘূর্ণিঝড় ‘মোকা’র মোকাবিলায় প্রস্তুত বাংলাদেশ, বন্দরে জারি সতর্কবার্তা

ঢাকা, ১১ মে : শনিবার সন্ধ্যার পর থেকে রবিবার ভোরের মধ্যে ঘূর্ণিঝড় ‘মোকা’ আঘাত হানতে পারে। আর এটি হতে পারে ‘সুপার সাইক্লোন’। ঘূর্ণিঝড় ‘মোকা’র মোকাবিলায় প্রস্তুত বাংলাদেশ। যে কোনও ধরনের পরিস্থিতির জন্য বিপর্যয় মোকাবিলা বাহিনীকে প্রস্তুত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার আবহাওয়া দফতর সূত্রে খবর, দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগর এলাকায় থাকা গভীর নিম্নচাপ ঘূর্ণিঝড় ‘মোকা’য় পরিণত হয়েছে। দেশের চার সমুদ্রবন্দরেই সতর্কবার্তা জারি করা হয়েছে। আবহাওয়া দফতর জানিয়েছে, ঘূর্ণিঝড় মোকা বৃহস্পতিবার সকাল ৬টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ১ হাজার ২৯৫ কিলোমিটার দক্ষিণ- দক্ষিণ-পশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ১ হাজার ২২০ কিলোমিটার দক্ষিণ-দক্ষিণ-পশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ১ হাজার ২৬৫ কিলোমিটার এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ১ হাজার ২২৫ কিলোমিটার দূরে অবস্থান করছিল। এটি আরও ঘনীভূত হয়ে শুক্রবার সকাল পর্যন্ত উত্তর- উত্তর-পশ্চিম দিকে এবং পরবর্তী সময়ে দিক পরিবর্তন করে ক্রমাগত উত্তর-উত্তর-পূর্ব দিকে এগোতে পারে। জানা যাচ্ছে ঘূর্ণিঝড়ের কেন্দ্রের ৫৪ কিলোমিটারের মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৬২ কিলোমিটার। এটি দমকা অথবা ঝোড়ো হওয়ার আকারে ৮৮ কিলোমিটার পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। ঘূর্ণিঝড় কেন্দ্রের কাছাকাছি এলাকায় সাগর বিক্ষুব্ধ রয়েছে। উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সব মাছ ধরার নৌকা ও ট্রলারকে উপকূলের কাছাকাছি থেকে সাবধানে সরানো করতে বলা হয়েছে। সেই সঙ্গে তাদের গভীর সাগরে যেতে নিষেধ করা হয়েছে। পরিস্থিতির ওপর সর্বতোভাবে নজর রাখছেন দু্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী মহম্মদ এনামুর রহমান।

কেরালা স্টোরি হরিয়ানায় করমুক্ত

চণ্ডীগড়, ১১ মে : বহুচর্চিত ছবি দ্য কেরালা স্টোরিকে করমুক্ত করল হরিয়ানা সরকার। এর আগে এই ছবিটিকে উত্তরপ্রদেশ ও মধ্যপ্রদেশ সরকার করমুক্ত করেছে। দ্য কেরালা স্টোরি ছবিটি হরিয়ানায় করমুক্ত করার আগে মুখ্যমন্ত্রী একটি কমিট গঠন করেছিলেন। মুখ্যমন্ত্রী মনোহর লাল নিজেই এই তথ্য জানিয়েছেন। কমিটির সুপারিশের পরই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৃথবার গভীর রাতে মুখ্যমন্ত্রী এই ঘোষণা দেন। হরিয়ানা মন্ত্রিসভার বৈকে এই ছবিটিকে করমুক্ত করার বিষয়ে আলোচনা হয়েছে। এরপরই টুইট করে এ তথ্য জানিয়েছেন মুখ্যমন্ত্রী মনোহর লাল। মুখ্যমন্ত্রী মনোহর লালের ঘোষণার পরে, আগারগাঁও কর বিভাগও এই বিষয়ে একটি বিজ্ঞপ্তি জারি করেছে এবং রাজ্যের সমস্ত ডেপুটি আগারগাঁও কর কমিশনারদের কাছে তথ্য পাঠিয়েছে। হরিয়ানা বিজেপি রাজ্য সভাপতি ওম প্রকাশ ধনখড় রাজ্যের তিনজন সাধারণ সম্পাদক, অ্যাডভোকেট বেদপাল, মোহনলাল বোডালি এবং পান সাহির্নির সাথে ‘দ্য কেরালা স্টোরি’ সিনেমাটি দেখেছেন। তার প্রতিক্রিয়ায় তিনি বলেন, এটি সত্য ঘটনা অবলম্বনে নির্মিত চলচ্চিত্র যা মানুষের অনুভূতিকে ধাক্কা দেয়।

গাজার ওপর হামলা অব্যাহত, প্রাণ হারালেন অন্ততপক্ষে ২১ জন

জেরুজালেম, ১১ মে : প্যালেস্তিনী গোষ্ঠীর রকেট হামলার প্রতিবাদে ইজরায়েল গাজার ওপর হামলা অব্যাহত রাখায় ২১ জনের মৃত্যু হয়েছে। গাজার ইজরায়েল সেনার আক্রমণে প্যালেস্তিনী জঙ্গি গোষ্ঠীর তিন নেতা এবং শিশু ও মহিলা সহ ১০ প্যালেস্তিনীয়ের মৃত্যুর পরই পরিস্থিতি অশান্ত হয়ে ওঠে। জানা গেছে, যে চারজন গতকাল প্রাণ হারিয়েছেন, তারা প্যালেস্তানের পপুলার ফ্রন্ট ফর লিবারেশনের যোদ্ধা। প্যালেস্তাইনের গাজার হামলার পরিমাণ ক্রমশঃ বাড়ছে ইজরাইল। মৃত্যুর সংখ্যা বেড়ে চালাইল ২১। এর পাশাপাশি এই ঘটনার জেরে আহত হয়েছেন ৬৪ প্যালেস্তাইন নাগরিক বলে জানিয়েছে স্বাস্থ্য মন্ত্রক। ইসলামিক জিহাদ গ্রুপের ৬ সদস্য তাদের স্ত্রী, পুত্রাও রয়েছে মৃতদের মধ্যে। গত সপ্তাহে ইজরাইলে জেলের মধ্যে অনশনে মারা যায় ১ প্যালেস্তিনীয় বন্দি। যার জেরে গাজা থেকে রকেটের মাধ্যমে হামলা করা হয় ইজরাইলের বুকো। এর পাশ্া হিসাবে ইজরাইলের তরফে অপারেশন শিল্ড এন্ড অ্যারো নামে অভিযান চালানো হয়। এখনও পর্যন্ত ১৩০ জন প্যালেস্তিনীয় নাগরিক এই হুমকি মারা গেছেন এই বছরে বলে জানা গেছে। একই সময়ে ১৯ জন ইজরাইয়েলি নাগরিক প্রাণ হারিয়েছেন দুই পক্ষের মধ্যে চলা সংঘর্ষে।

দুরন্ত বার্তা



সতীশ কুমার কাশ্যপ, জেনারেল ম্যানেজার আজ ১১ মে চিত্তরঞ্জন রেল ইঞ্জিন ফ্যান্টরি (চিরেকা)-য় অবস্থিত স্টোর ডিপো, দোকান এবং ইয়ার্ড এলাকা পরিদর্শন করেছেন এবং প্রয়োজনীয় নির্দেশিকা দিয়েছেন। এই সময় স্টোর ডিপো, ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল বিভাগের প্রধান, বিভাগীয় কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন। কাশ্যপ সুপারভাইজার এবং উপস্থিত কর্মচারীদের সাথে কাজের বিষয়ে মতবিনিময় করেন এবং তাদের গুণমান উন্নয়ন, গৃহস্থালি, ক্র্যাপ নিষ্পত্তি এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা ইত্যাদির গতি বাড়াতে নির্দেশ দেন।

তামিলনাড়ুতে মন্ত্রিসভায় রদবদল, পাঁচ মন্ত্রীর পোর্টফোলিও-তে আনা হয়েছে পরিবর্তন

চেন্নাই, ১১ মে : তামিলনাড়ুতে রদবদল হল মন্ত্রিসভায়। পাঁচজন মন্ত্রী পোর্টফোলিও-তে আনা হয়েছে পরিবর্তন। ডাঃ পালানিভেল থিয়াগা রাজনের পরিবর্তে অর্থমন্ত্রক, পরিকল্পনা, মানব সম্পদ ব্যবস্থাপনা মন্ত্রক পেয়েছেন থাগাম থেরাবাসু। মন্ত্রিসভায় রদবদলের পর দুধ ও দুগ্ধ উন্নয়ন পোর্টফোলিও পেয়েছেন টি মানো থান্ডারাজ। তিনি বলেছেন, এই মন্ত্রক পেয়ে আমি ভীষণ খুশি। নিজের যথাসাধ্য চেষ্টা করব।এর আগে তিনি তথ্যপ্রযুক্তি ও ডিজিটাল সেবার পোর্টফোলিও অধিষ্ঠিত ছিলেন। বৃহস্পতিবারই মাম্মারগুডি ডিএমকে বিধায়ক ডঃ টিআরবি রাজা রাজভবনে তামিলনাড়ু মন্ত্রিসভার প্রথমন্ত্রী হিসাবে শপথ নেন। তামিল ডেভেলপমেন্ট, তথ্য ও পাবলিসিটি মন্ত্রী হয়েছেন এম পি সামিনাথান। শিল্পমন্ত্রী করা হয়েছে টি আর বি রাজাকে।

আগ্রায় গাড়ির ধাক্কায় মৃত ৩ শিশু, পথ অবরোধ স্থানীয়দের

আগ্রা, ১১ মে : উত্তর প্রদেশের আগ্রায় গাড়ির ধাক্কায় মৃত্যু হল ৩ শিশুর, আহত হয়েছেন আরও ৩। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সকালে উত্তর প্রদেশের আগ্রার বাস মহাপথ এলাকায়। জানা গেছে, স্কুলে যাওয়ার জন্য রাস্তার ধারে দাঁড়িয়ে ছিল শিশুগুলি। তখনই একটি গাড়ি এসে ধাক্কা মারে তাদের। পুলিশ জানিয়েছে, ঘটনাস্থলেই প্রাণ হারায় ৩ জন শিশু। আহতদেরকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে চিকিৎসার জন্য। ঘটনার পর রাস্তা অবরোধ করে স্থানীয় গ্রামবাসীরা বিক্ষোভ দেখান। পুলিশ মামলা কর্ত্তু করে দুইদিনের তদন্ত শুরু করেছে।

Name Change	Name Change
I, MONIRUJ JAMAN (old name) S/o TARIKUL SHEKH resident Vill- Paschim Dandirhat, PO- Dandirhat, PS- Basirhat, Dist-(N) 24 Pgs-743412 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) MONIRUJ JAMAN SHEKH, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 08/05/2023. MONIRUJJAMAN and MONIRUJJAMAN SHEKH all are same and one identical person.	I, Swati Joshi (old Name) W/o Arpit Mehra and Do Narendra Kumar Joshi resident of 38A, Raja Basanta Roy Road, P.O. – Sarat Bose Road, Kolakta – 700029 have changed my name to (and henceforth shall be known as) Swati Mehra (New Name). Swati Mehra and Swati Joshi is the same and one identical person i.e., myself vide affidavit dated 11.05.23 sworn before the Notary Public at Kolkata.

Name Change	Name Change
I, SONELAL THAKUR (old name) S/o NATHUNI THAKUR resident 275/A, Dakshin Para Road, Paschim Barisha, Kolkata- 700063 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) SOMAN THAKUR, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 11/05/2023. SONELAL THAKUR and SOMAN THAKUR all are same and one identical person.	I, PRASANTA KUMAR DE (old name) S/o LATE KANAILAL DE resident Block-5, Flat-11A, Merlin Maximus, 618, B.T. Road, Sukchar, PS- Kharda, Barrackpore- 700115 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) PROSANTA KUMAR DEY, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 11/05/2023. PRASANTA KUMAR DE and PROSANTA KUMAR DEY all are same and one identical person.

Name Change	Name Change
I, RAHAN MAQBOOL SAIGAL alias REHAN SAIGAL alias REHAN MAQBOOL (old name) S o Late Maqbool Ahmed Saigal resident of 13, Dr. A.M.O Ghani Road,Po- Circus Avenue, Kolkata-700017 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) REHAN MAQBOOL SAIGAL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 09/05/2023. RAHAN MAQBOOL SAIGAL, REHAN SAIGAL, REHAN MAQBOOL and REHAN MAQBOOL SAIGAL all are same and one identical person.	I PARUL DULY, W/O GOPAL DULEY, R/O VILL MILKI PURBAPARA, P.O. BALARAM BATI, P.S. SINGUR, HOOGHLY RURAL,PIN-712409, WEST BENGAL. SHALL HENCEFORTH BE KNOWN AS PARUL DULEY, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 11/05/2023.

Name Change	Name Change
I CHANCHAL BAJORIA, W/O ANKIT BAJORIA, R/O/DA 203, SALT LAKE CITY, SEC-I, PO-CC BLOCK, BIDHANNAGAR- 700064, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS NANDINI BAJORIA, VDIEN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 11/05/2023.	I KASINATH DULY, S/O GOPAL DULEY,R/O VILL MILKI PURBAPARA, P.O BALARAM BATI, P.S. SINGUR, HOOGHLY RURAL,PIN-712409, WEST BENGAL. SHALL HENCEFORTH BE KNOWN AS KASHINATH DULAY, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 11/05/2024.

Name Change	Name Change
I, NARAYAN SEKHAR (old name) W/o PRAFULLA BISWAS resident of 93/1 JDR GIRINDRA SEKHAR BOSE ROAD, PO-TILJALA, KOLKATA, 700039 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) NARAYAN BISWAS, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 11/05/2023. NARAYAN SEKHAR and NARAYAN BISWAS all are same and one identical person.	I, KAMRAN BIBI (oldname) W/o SK JIYAU R RAHAMAN resident Tamijuddin Mistri Lane, Makalhati Borojola Lal Masjid, Maheshstala (M), PO- Bidhangarh, PS- Rabindra Nagar, Kolkata-700066 WEST BENGAL, India do hereby solemnly affirm & declaring my actual name LILUFA BIBI, vide an affidavit sworn before the Notary Public at Alipore, South 24 Parganas on 08/05/2023. KAMRAN BIBI and LILUFA BIBI all are the same and one identical person.

Name Change	Name Change
I, AMIYA BALA BASU (old name) W/o SUNIL KUMAR BASU resident of 93/ 1J DR GIRINDRA SEKHAR BOSE ROAD, PO-TILJALA, KOLKATA, 700039 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) AMIYA BASU, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 11/05/2023. AMIYA BALA BASU and AMIYA BASU all are same and one identical person.	I, AJIJUR RAHAMAN (old name) S/o SK SHAHAJAN resident Tamijuddin Mistri Lane, Makalhati Borojola Lal Masjid, Maheshstala (M), PO-Bidhangarh, PS- Rabindra Nagar, Kolkata-700066 WEST BENGAL, India do hereby solemnly affirm & declaring my actual name SK. AJIJUR RAHAMAN, vide an affidavit sworn before the Notary Public at Alipore, South 24 Parganas on 08/05/2023. AJIJUR RAHAMAN and SK. AJIJUR RAHAMAN all are the same and one identical person.

Name Change	Name Change
I, GOPAL DULY & GOPAL DULAY, S/O LATE SURENDRANATH DULEY, R/O VILL MILKI PURBAPARA, P.O. BALARAM BATI, P.S. SINGUR, HOOGHLY RURAL, PIN-712409, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWNAS GOPAL DULEY, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 11/05/2023	I, MUJIBAR RAHAMAN (old name) S/o SK SHAHAJAN resident Tamijuddin Mistri Lane, Makalhati Borojola Lal Masjid, Maheshstala (M), PO-Bidhangarh, PS- Rabindra Nagar, Kolkata-700066 WEST BENGAL, India do hereby solemnly affirm & declaring my actual name SK. MUJIBAR RAHAMAN, vide an affidavit sworn before the Notary Public at Alipore, South 24 Parganas on 08/05/2023. MUJIBAR RAHAMAN and SK. MUJIBAR RAHAMAN all are the same and one identical person.

শক্তিগড়ে লাইনচ্যুত লোকাল, বন্ধ হাওড়া-বর্ধমান কর্ড এবং মেইন ও ডাউন লাইনে ট্রেন চলাচল

দুরন্ত বার্তা, বর্ধমান ও ব্যান্ডেল, ১১ মে : দুর্ঘটনার পর দীর্ঘ সময় কেটে গেলেও এখনও স্বাভাবিক হল না হাওড়া-বর্ধমান কর্ড এবং মেইন ও ডাউন লাইনে ট্রেন চলাচল। বুধবার রাতে লাইনচ্যুত হয়ে যাওয়া লোকাল ট্রেনের বগি দু’টিকে লাইন থেকে সরানোর কাজ চলছে। তবে সরিয়ে ফেলা হয়েছে মালগাড়ির বগিগুলিকে। দুর্ঘটনার জেরে রাত থেকেই দুর্ভোগে পড়েছেন যাত্রীরা। বাতিল করা হয়েছে একাধিক ট্রেন। দুর্ঘটনার প্রভাব পড়েছে ব্যান্ডেল-হাওড়া মেন লাইনেও। রেল সূত্রে জানা গিয়েছে, রাতে লাইনচ্যুত ট্রেন সরানোর কাজের তেমন অগ্রগতি না হলেও বৃহস্পতিবার সকাল থেকে যুদ্ধকালীন তৎপরতায় লাইনচ্যুত লোকাল ট্রেনের বগি দু’টিকে সরানোর কাজ শুরু হয়েছে। মালগাড়ির বগিগুলিকে ইতিমধ্যেই সরিয়ে ফেলা হয়েছে। বৃহস্পতিবার সকাল ৯টা নাগাদ ডাউন মোকামা- হাওড়া প্যাসেঞ্জার ছেড়ে যায়। প্রায় ১০ ঘণ্টা পর ডাউন লাইনে ট্রেন চলাচল শুরু হয়। দুর্ঘটনার জেরে দূরপাল্লার বিভিন্ন ট্রেন দেরিতে চলছে। উত্তরবঙ্গ থেকে আসা ডাউন ট্রেনগুলিকে কার্টোয়া দিয়ে ঘুরিয়ে দেওয়া হয়েছে বলে পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন। দুর্ঘটনার জেরে বাতিল করা হয়েছে ধানবাদ- হাওড়া কোলমিল্ড এক্সপ্রেস, হাওড়া-মালদা টাউন ইন্টারসিটি এক্সপ্রেস, মালদা- হাওড়া টাউন ইন্টারসিটি এক্সপ্রেস। এছাড়া ঘুরিয়ে দেওয়া হয়েছে বেশকিছু ট্রেনের গতিপথ। যেসব ট্রেনকে অন্য পথে ঘুরিয়ে দেওয়া হয়েছে তার মধ্যে রয়েছে রাধিকাপুর এক্সপ্রেস। এটিকে ঘুরিয়ে দেওয়া হয়েছে আমোদপুর দিয়ে। লাইন মেরামতি ও ব্যান্ডেল লোকালকে লাইনে তুলতে দেষ্টা চালাচ্ছেন রেলকর্মীরা। একটি লাইন দিয়ে ট্রেন চলাচল শুরু হয়েছে। সকাল ৯টা ৮ নাগাদ হাওড়ার দিকে গিয়েছে ডাউন মোকামা-হাওড়া প্যাসেঞ্জার। উত্তরবঙ্গের ট্রেনগুলিকে কার্টোয়া দিকে ঘুরিয়ে দেওয়া হয়েছে। রাতে প্রবল গরম ও আলোর অভাবের জন্য কাজ তেমন এগায়নি। দুর্ঘটনার জেরে বর্ধমান থেকে কর্ত ও

মেইন লাইনে কোনও লোকাল ট্রেন চলাচল করছে না। মশাগ্রাম স্টেশন থেকে কর্ডলাইনে অন্যদিকে, মোমারি থেকে হাওড়া মেইন লাইনে ট্রেন চলছে। ফলে

